تَوَسَّمَ (تَوَسُّم) — পর্যবেক্ষণ করা, নিরীক্ষণ করা, ছাপযুক্ত হওয়া, ভূষিত হওয়া

تَوْسِيع — প্রশস্তকরণ, প্রসারণ, সম্প্রসারণ, বর্ধন, প্রশস্ততা, ব্যাপকতা

تَوَشَّحَ (تَوَشُّح) بِ — সজ্জিত হওয়া, অলঙ্কৃত হওয়া, পরিধান করা

تَوْشِيَة — সজ্জিতকরণ, অলঙ্করণ, কারুকাজ, নকশা

تَوْشِيح — সজ্জিতকরণ, অলঙ্করণ, সুরসংযোজন

تَوَصَّلَ (تَوَصُّل) إِلَى — পৌঁছা, উপনীত হওয়া, উপস্থিত হওয়া, সম্পৃক্ত হওয়া

تَوْصِيَة ج تَوْصِيَات — সুপারিশ, উপদেশ, অসিয়ত, পরামর্শ, আদেশ, উইল

تَوْصِيل — একত্রীকরণ, সংযুক্তকরণ, সংযোগ, যোগাযোগ

تَوْصِيلَة ج تَوْصِيلَات — সংযোগ, সংযুক্তি, সংলগ্নতা, যোগাযোগ

تَوَضَّأَ (تَوَضُّؤ) — অযু করা, উযু করা, পরিচ্ছন্ন হওয়া

تَوَضَّحَ (تَوَضُّح) — স্পষ্ট হওয়া, পরিষ্কার হওয়া, প্রকাশ পাওয়া

تَوْضِيح ج تَوْضِيحَات	স্পষ্টকরণ, ব্যাখ্যাকরণ, বিশ্লেষণ, ব্যাখ্যা
تَوْطِيد	শক্তকরণ, দৃঢ়করণ, মজবুতকরণ, জোরদারকরণ
تَوَظَّفَ (تَوَظُّف)	নিয়োজিত হওয়া, চাকুরি পাওয়া, পদমর্যাদা লাভ করা
تَوْظِيف	নিয়োগ, নিয়োগদান, বিনিয়োগ
تَوْعِيَة	জগ্রতকরণ, সচেতনকরণ, সতর্কীকরণ, শিক্ষাদান, আলোকিতকরণ
تَوَغَّرَ (تَوَغُّر)	অগ্নিশর্মা হওয়া, অতিশয় ক্রুদ্ধ হওয়া
تَوَغَّلَ (تَوَغُّل)	গভীরে প্রবেশ করা
تُوغُو	টোগো (দেশ)
تَوَفَّرَ (تَوَفُّر)	প্রচুর থাকা, পর্যাপ্ত পরিমাণে থাকা, বিদ্যমান থাকা, সঞ্চিত হওয়া
تَوَفُّر	পর্যাপ্তত্তা, আধিক্য, প্রাচুর্য, বৃদ্ধি, সমৃদ্ধি, পূর্ণতা, বিদ্যমানতা
تَوَفَّى (تَوَفِّي)	পাওয়া, লাভ করা, নিয়ে যাওয়া, প্রাণ নেওয়া, ওফাত দেওয়া, পূর্ণ করা
تُوُفِّيَ	ওফাত পাওয়া, ইন্তেকাল করা, মারা যাওয়া
تَوْفِير	বৃদ্ধি, বর্ধন, সঞ্চয়, মিতব্যয়, যোগান, সরবরাহ
تَوْفِيق	সমন্বয়সাধন, মিলসাধন, শান্তিস্থাপন, তওফীক, শক্তি, সৌভাগ্য
تَوْق ، تَوَقَان	কামনা, বাসনা, আগ্রহ, ঝোঁক
تَوَقَّحَ (تَوَقُّح)	নির্লজ্জ হওয়া, নির্লজ্জ আচরণ করা, ধৃষ্ট হওয়া, বেয়াদব হওয়া
تَوَقَّدَ (تَوَقُّد)	জ্বলে ওঠা, প্রজ্বলিত হওয়া, উত্তেজিত হওয়া
تَوَقَّعَ (تَوَقُّع)	আশা করা, প্রত্যাশা করা, প্রত্যাশায় থাকা, প্রতীক্ষা করা
تَوَقُّع ج تَوَقُّعَات	আশা, প্রত্যাশা, প্রতীক্ষা
تَوَقَّفَ (تَوَقُّف)	থামা, থেমে যাওয়া, বন্ধ হওয়া, অবস্থান করা
تَوَقَّفَ عَلَى	নির্ভর করা, নির্ভরশীল হওয়া
تَوَقَّفَ عَنْ	বিরত থাকা, ক্ষান্ত হওয়া
تَوَقُّف	বিরতি, থামন, নির্ভরতা, নির্ভরশীলতা
تَوَقَّلَ (تَوَقُّل)	আরোহণ করা, চড়া, ওঠা
تَوْقِيت ج تَوْقِيتَات	সময় নির্ধারণ, সময়

تَوْقِيت غِرِينِتْش	গ্রীনিচ সময়
تَوْقِيت مَحَلِّيّ	স্থানীয় সময়
تَوْقِير	সম্মানপ্রদান, মর্যাদাদান, সম্মান, মর্যাদা, শ্রদ্ধা
تَوْقِيع	স্বাক্ষরদান, স্বাক্ষর, সংঘটিতকরণ, বাস্তবায়ন, নথিভুক্তকরণ
تَوَكَّأَ (تَوَكُّؤ)	ভর করা, ভর দেওয়া, ঠেস দেওয়া, হেলান দেওয়া
تَوَكَّلَ (تَوَكُّل) عَلَى	নির্ভর করা, ভরসা করা, তাওয়াক্কুল করা
تَوَكُّل	নির্ভরতা, নির্ভরশীলতা, ভরসা, তাওয়াক্কুল
تَوْكِيد	জোর, জোরদান, জোরদারকরণ, দৃঢ়করণ, নিশ্চিতকরণ, (ব্যাকরণে) তা'কীদ
تَوْكِيل	ন্যস্তকরণ, দায়িত্ব অর্পণ, উকিল বা এজেন্ট নিয়োগ
تُول	রেশমের সূক্ষ্ম জাল, জরি
تَوَلَّجَ (تَوَلُّج)	প্রবেশ করা, লিপ্ত হওয়া, প্রবৃত্ত হওয়া
تَوَلَّدَ (تَوَلُّد)	জন্মগ্রহণ করা, জাত হওয়া, উৎপন্ন হওয়া, সৃষ্টি হওয়া
تَوَلَّى (تَوَلِّي، تَوَلٍّ)	বন্ধুরূপে গ্রহণ করা, ক্ষমতাসীন হওয়া, দায়িত্ব নেওয়া, সম্পাদন করা, করে যাওয়া
تَوَلَّى عَنْ	পৃষ্ঠ প্রদর্শন করা, ফিরে যাওয়া, পরিত্যাগ করা, বর্জন করা
تَوْلِيَة	ক্ষমতাপ্রদান, কর্তৃত্ব অর্পণ, নিয়োগদান, নিয়োগ
تَوْلِيد	জন্মদান, উৎপাদন, প্রজনন, প্রসব করানো, ধাত্রীর পেশা
تَوْلِيد الكَهْرَبَاء	বিদ্যুৎ উৎপাদন
تُون ، تُونَة	এক প্রকার মাছ, টোনামাছ
تُونِس ، تُونُس	তিউনিসিয়া (দেশ), তিউনিস (নগরী)ঃ তিউনিসিয়ার রাজধানী
تَوَهَّمَ (تَوَهُّم)	ধারণা করা, কল্পনা করা, আন্দাজ করা, অনুমান করা, সন্দেহ করা
تَوَهُّم ج تَوَهُّمَات	ধারণা, কল্পনা, অনুমান, আন্দাজ, সন্দেহ
تُوَيْج ج تُوَيْجَات	ছোট মুকুট, coronet, (পুষ্পের) দলমণ্ডল, corolla
تَيَّار ج تَيَّارَات	স্রোত, প্রবাহ, গতি, ধারা, ঝোঁক, প্রবণতা
تَيَّاه ج تَيَّاهُون	পথহারা, বিপথগামী, ভবঘুরে, উদ্ধত
تَيْبِيس	শুষ্ককরণ, শুকানো

আরবী	বাংলা
تَيَتَّمَ (تَيَتُّم)	এতিম হওয়া, ইয়াতীম হওয়া, অনাথ হওয়া
تَيْس ج تُيُوس، أَتْيَاس	পুরুষ ছাগল, ছাগ
تَيَسَّرَ (تَيَسُّر)	সহজ হওয়া, সম্ভব হওয়া, সহজসাধ্য হওয়া, স্বচ্ছন্দ হওয়া
تَيْسِير	সহজকরণ, হালকাকরণ
تَيَقَّظَ (تَيَقُّظ)	জাগ্রত হওয়া, সজাগ হওয়া, সতর্ক থাকা, মনোযোগী হওয়া
تَيَقُّظ	জাগরণ, সতর্কতা, মনোযোগ
تَيَقَّنَ (تَيَقُّن)	নিশ্চিত হওয়া, সুনিশ্চিত হওয়া, নিশ্চিতরূপে জানা
تَيَقُّن	নিশ্চয়তা, দৃঢ়তা, নিশ্চিত জ্ঞান
تِيل	শন, শনগাছ, ক্ষৌম, শনের কাপড়, ক্ষৌমবস্ত্র
تَيْم	দাস, ক্রীতদাস, বিভ্রান্তি, মোহ
تَيَّمَ (تَتْيِيم)	দাসে পরিণত হওয়া, (প্রেম) মোহাচ্ছন্ন করা, আবিষ্ট করা
تَيَمَّمَ (تَيَمُّم)	(অজুর পরিবর্তে) তায়াম্মুম করা, নিয়ত করা, মনস্থ করা
تَيَمُّم	(অযুর পরিবর্তে) তায়াম্মুম
تَيَمَّنَ (تَيَمُّن)	ইয়েমেনী হওয়া
تَيَمَّنَ بِ	শুভ মনে করা, শুভ লক্ষণ দেখা, আশাবাদী হওয়া, বরকত লাভ করা
تَيَمُّن	শুভ, শুভ লক্ষণ, আশাবাদ, সুখবাদ, বরকত
تِين ، تِينَة	ডুমুর, ডুমুর-গাছ
التِّين	সূরা আত-তীনঃ পবিত্র কোরআনের ৯৫তম সূরা
تَيَّهَ (تَتْيِيه)	বিভ্রান্ত করা, বিপথগামী করা, দিশেহারা করা
تِيه ج أَتْيَاه ، أَتَاوِيه	নির্জন প্রান্তর, হতবুদ্ধিতা, ভ্রম, বিভ্রান্তি, অহমিকা, ঔদ্ধত্য
تَيْهَاء	পথহীন (প্রান্তর, অঞ্চল)

ث

ث	সা, ছা ঃ আরবী বর্ণমালার ৪র্থ হরফ
ثَاء	সা', ছা' ঃ ث বর্ণের নাম
ثَائِر ج ثُوَّار ، ثَائِرُون	বিদ্রোহী, বিপ্লবী, উত্তেজিত, বিক্ষুব্ধ
ثَائِر مـ ثَائِرَة	বিক্ষিপ্ত, উৎক্ষিপ্ত, উত্থিত
ثَائِرَة ج ثَوَائِر	দাঙ্গা, উত্তেজনা, হৈচৈ, শোরগোল, গোলযোগ
ثَابَ [ن] (مَثَاب) إِلَى	ফিরে আসা, প্রত্যাবর্তন করা
ثَابِت مـ ثَابِتَة	দৃঢ়, স্থির, স্থায়ী, অটল, অবিচল, প্রতিষ্ঠিত, প্রমাণিত
ثَابَرَ (مُثَابَرَة) عَلَى	অবিচল থাকা, অটল থাকা, লেগে থাকা
ثَارَ [ن] (ثَوْر ، ثَوَرَان)	বিদ্রোহ করা, উত্তেজিত হওয়া, জেগে ওঠা, জ্বলে ওঠা, উত্থিত হওয়া
ثَافِل ج ثَوَافِل	তলানি, গাদ, নীচের বস্তু
ثَاقِب مـ ثَاقِبَة	ছিদ্রকারী, বিদ্ধকারী, অন্তর্দৃষ্টিসম্পন্ন, উজ্জ্বল (তারকা)
ثَاقِل مـ ثَاقِلَة	ভারী, অধিক ওজনবিশিষ্ট, ওজস্বী, কঠিন
ثَاكِل مـ ثَاكِلَة	সন্তানহারা, শোকসন্তপ্ত, শোকাতুর
ثَالِث مـ ثَالِثَة	তৃতীয়
ثَالِث عَشَر مـ ثَالِثَة عَشْرَة	ত্রয়োদশ, তেরোতম
ثَالِثًا	তৃতীয়তঃ, তৃতীয়ত
ثَالِم مـ ثَالِمَة	ভোঁতা, ধারহীন, তেজবিহীন
ثَالُوث	(খ্রীষ্টানদের) ত্রিত্ব, ত্রয়ী
ثَامِن مـ ثَامِنَة	অষ্টম
ثَامِن عَشَر مـ ثَامِنَة عَشْرَة	অষ্টাদশ, আঠারোতম
ثَانَوِيّ مـ ثَانَوِيَّة	মাধ্যমিক
ثَانَوِيَّة ج ثَانَوِيَّات	মাধ্যমিক বিদ্যালয়
ثَانِي ، ثَانٍ مـ ثَانِيَة	দ্বিতীয়, অন্য, অপর, পরিবর্তনকারী

ثَانِي عَشَر ـ ثَانِيَة عَشْرَة	দ্বাদশ, বারোতম
ثَانِيًا	দ্বিতীয়তঃ, দ্বিতীয়ত
ثَانِيَة ج ثَوَانِي ، ثَوَانٍ	সেকেন্ড (সময়)
ثَاوِي ، ثَاوٍ ج ثَاوُون	বাসিন্দা, বসবাসকারী, অবস্থানকারী, আশ্রয়গ্রহণকারী
ثَأْر	প্রতিশোধ, বদলা
ثَأَرَ[ف] (ثَأْر)	প্রতিশোধ লওয়া, বদলা নেওয়া
ثُؤْلُول ج ثَآلِيل	আঁচিল, স্তনের বোটা
ثَبَات	দৃঢ়তা, স্থিরতা, স্থায়িত্ব, প্রমাণ
ثَبْت	দৃঢ়, সুদৃঢ়, স্থির, স্থায়ী, সাহসী
ثَبْت ج أَثْبَات	তালিকা, সূচী
ثَبَت	নির্ভরযোগ্য, বিশ্বাসযোগ্য, দৃঢ়তা, স্থিরতা, স্থায়িত্ব
ثَبَت ج أَثْبَات	প্রমাণ, দলিল, প্রমাণপত্র, তালিকা, সূচী
ثَبَتَ[ن] (ثَبَات ، ثُبُوت)	দৃঢ় হওয়া, স্থায়ী হওয়া, স্থির হওয়া, অটল থাকা, প্রমাণিত হওয়া
ثَبَّتَ (تَثْبِيت)	দৃঢ় করা, স্থির করা, স্থায়ী করা, প্রতিষ্ঠিত করা
ثُبَة ج ثُبَات	দল, গোষ্ঠী, অশ্বারোহী সৈন্য
ثَبَرَ[ن] (ثَبْر)	ধ্বংস করা, তাড়িয়ে দেওয়া
ثَبَرَ (ثُبُور)	ধ্বংস হওয়া, ক্ষয়প্রাপ্ত হওয়া, নিশ্চিহ্ন হওয়া
ثَبَّطَ (تَثْبِيط)	বিরত রাখা, সরিয়ে নেওয়া, বিলম্বিত করা
ثُبُوت	দৃঢ়তা, স্থিরতা, স্থায়িত্ব, প্রমাণ
ثُبُور	ধ্বংস, বিনাশ, ক্ষয়, মৃত্যু
ثَجَّ[ن] (ثَجّ ، ثَجِيج)	প্রবাহিত হওয়া, বেগে প্রবাহিত হওয়া, ঢল নামা
ثَجَّاج ـ ثَجَّاجَة	ভারী, ঘন, মুষলধারে (বৃষ্টি)
ثَجِيج	প্রবাহ, স্রোত, ঢল
ثَخَانَة	ঘনত্ব, স্থূলতা, দৃঢ়তা
ثَخُنَ[ك] (ثَخَانَة ، ثُخُونَة)	ঘন হওয়া, মোটা হওয়া, দৃঢ় হওয়া

ثُخُونَة	ঘনত্ব, গাঢ়ত্ব, স্থূলতা, দৃঢ়তা
ثَخِين مث ثَخِينَة	ঘন, গাঢ়, মোটা, স্থূল, পুরু
ثَدْي ؛ ثَدَى ج أَثْدَاء	স্তন, মাই, কুচ, পয়োধর
ثَرّ مث ثَرَّة	পানিবহুল, প্রবাহপূর্ণ, অশ্রুপূর্ণ, প্রশস্ত, সুপরিসর
ثَرَا [ن] (ثَرَاء)	অধিক হওয়া, বৃদ্ধি পাওয়া
ثَرَاء	সম্পদ, অর্থ, সমৃদ্ধি, ধন, দৌলত
ثَرَبَ [ض] (ثَرْب)، ثَرَّبَ (تَثْرِيب)	নিন্দা করা, তিরস্কার করা, ভর্ৎসনা করা
ثَرْثَار ج ثَرْثَارُون	বকবককারী, বাচাল, বাকপটু
ثَرْثَرَ (ثَرْثَرَة)	ছড়িয়ে দেওয়া, বকবক করা
ثَرْثَرَة	বাচালতা, বকবকানি, বাকপটুতা
ثَرَدَ [ن] (ثَرْد)	(রুটি) টুকরা টুকরা করে ঝোলে ভিজানো
ثَرَمَ [ض] (ثَرْم)	দাঁত ভাঙ্গা
ثَرِمَ [س] (ثَرَم)	ভাঙ্গা দাঁতবিশিষ্ট হওয়া, দুই দাঁতের মধ্যে ফাঁক থাকা
ثَرْوَة ج ثَرَوَات	সম্পদ, অর্থ, ধন, দৌলত, সমৃদ্ধি, প্রাচুর্য
ثَرَى ج أَثْرَاء	মাটি, ভিজা মাটি, কাদামাটি
ثَرِيّ ج أَثْرِيَاء	ধনী, ধনবান, সম্পদশালী, সমৃদ্ধ, বিত্তবান
ثَرِيَ [س] (ثَرًى)	ধনী হওয়া, ধনবান হওয়া, সম্পদশালী হওয়া, বিত্তবান হওয়া
ثُرَيَّا	কৃত্তিকা নক্ষত্রপুঞ্জ
ثَرِيد	ঝোলে ভিজানো টুকরা টুকরা রুটি, রুটি ও গোশতের মণ্ডবিশেষ (খাদ্য)
ثُعْبَان ج ثَعَابِين	সাপ, অজগর
ثُعْبَان الْمَاء	বানমাছ, বাইন মাছ
ثَعْلَب ج ثَعَالِب	খেঁকশিয়াল, শৃগাল, শিয়াল, শেয়াল
ثَعْلَب الْمَاء	উদ, উদ্বিড়াল, ভোঁদড়
ثَغَا [ن] (ثُغَاء)	(ছাগল, ভেড়া) ভ্যা ভ্যা করে ডাকা
ثُغَاء	(ছাগলের, ভেড়ার) ভ্যা ভ্যা ডাক

ثَغْر ج ثُغُور	সামনের দাঁত, মুখ, পোতাশ্রয়, উপসাগর, সীমান্ত, সুরক্ষিত সীমান্তশহর
ثَغَرَ[ف] (ثَغْر)	ছিদ্র করা, খাঁজ কাটা, ভাঙ্গা
ثُغْرَة ج ثُغَر ، ثُغَرَات	ছিদ্র, গর্ত, ফাঁক, ফাটল
ثِفَال ، ثُفَال	নিচের বস্তু, জাঁতার নিচের পাটা
ثُفْل	তলানি, গাদ, নিচের বস্তু
ثِقَاب	দিয়াশলাই, জ্বালানি, খড়কুটা
ثَقَّابَة ج ثَقَّابَات	ছিদ্র করার যন্ত্র, তুরপুন
ثَقَافَة	সংস্কৃতি, কৃষ্টি, সভ্যতা, শিক্ষা, বুদ্ধি
ثَقَافِيّ مث ثَقَافِيَّة	সংস্কৃতি-বিষয়ক, সাংস্কৃতিক, কৃষ্টি-সম্বন্ধীয়
ثَقَالَة	ভার, ওজন, মন্থরতা, ঢিলেমি, বিষণ্ণতা
ثَقْب ج ثُقُوب ، أَثْقَاب	ছিদ্র, গর্ত, ফাঁক, ফাটল, রন্ধ্র, ফুটা
ثَقَبَ[ن] (ثَقْب)، ثَقَّبَ (تَثْقِيب)	ছিদ্র করা, ফুটা করা, বিদ্ধ করা
ثُقْبَة ج ثُقَب	ছিদ্র, গর্ত, নল, পাইপ
ثِقَة ج ثِقَات	আস্থা, বিশ্বাস, বিশ্বস্ততা, আস্থাভাজন ব্যক্তি, বিশ্বাসযোগ্য ব্যক্তি
ثِقَة بِالنَّفْس	নিজের উপর আস্থা, আত্মবিশ্বাস
ثَقِفَ[س] (ثَقَف)	বুদ্ধিমান হওয়া, সুচতুর হওয়া, সুদক্ষ হওয়া, পাওয়া, নাগাল পাওয়া
ثَقُفَ[ك] (ثَقَافَة)	সুসভ্য হওয়া, সুদক্ষ হওয়া, বুদ্ধিমান হওয়া
ثَقَّفَ (تَثْقِيف)	সোজা করা, ঠিক করা, শিক্ষা দেওয়া, সুসভ্য করা
ثَقَل	ভারী বস্তু, গুরুত্বপূর্ণ ও মর্যাদাবান সৃষ্টিঃ জিন ও ইনসান
ثَقُلَ[ك] (ثِقْل ، ثَقَالَة)	ভারী হওয়া, অধিক ওজনবিশিষ্ট হওয়া, কঠিন হওয়া
ثَقَّلَ (تَثْقِيل)	ভারী করা, কঠিন করা, চাপিয়ে দেওয়া
ثِقْل ج أَثْقَال	ভার, ওজন, বোঝা, গুরুত্ব
ثِقَل	ভার, ওজন, মন্থরতা, ঢিলেমি, বিষণ্ণতা
ثَقَلَان ، ثَقَلَيْن	গুরুত্বপূর্ণ ও মর্যাদাবান সৃষ্টিদ্বয়ঃ জিন ও ইনসান
ثَقْلَة ، ثِقْلَة	ওজন, ভার, বোঝা, ক্লান্তি, কষ্ট

ثَقِيف مث ثَقِيفَة	সভ্য, দক্ষ, বুদ্ধিমান, সুশিক্ষিত
ثَقِيل ج ثِقَال	ভারী, ওজস্বী, কঠিন, কষ্টকর, দুরূহ, গুরুতর
ثَكِلَ [س] (ثُكْل ، ثَكَل)	সন্তান হারানো, সন্তানহারা হওয়া
ثُكْل ، ثَكَل	সন্তানবিয়োগ, সন্তান হারানোর শোক
ثَكْلَان مث ثَكْلَي	সন্তানহারা, শোকসন্তপ্ত, শোকাতুর
ثُكْنَة ج ثُكْنَات ، ثُكَن	সেনানিবাস, ছাউনি, ব্যারাক
ثَلَاث	তিন, ত্রি, তিনজন, তিনটি (স্ত্রী)
ثُلَاثَ	একবারে তিন, তিন তিন করে
الثُّلَاثَاء ، يَوْم الثُّلَاثَاء	মঙ্গলবার
ثَلَاثَة	তিন, ত্রি, তিনজন, তিনটি (পুং)
ثَلَاثَةَ عَشَرَ مث ثَلَاثَ عَشْرَةَ	তের, তেরো, ত্রয়োদশ (সংখ্যা)
ثَلَاثُون ، ثَلَاثِين	ত্রিশ, তিরিশ (সংখ্যা)
الثَّلَاثُون ، الثَّلَاثِين	ত্রিশতম, ত্রিংশ, ত্রিংশত্তম
ثُلَاثِيّ مث ثُلَاثِيَّة	তিন সংখ্যক, তিন অক্ষরবিশিষ্ট, তিন অংশযুক্ত, ত্রিপক্ষীয়
الثَّلَاثِينَات	ত্রিশের দশক
ثَلَّاج ج ثَلَّاجُون	বরফওয়ালা, বরফ ব্যবসায়ী
ثَلَّاجَة ج ثَلَّاجَات	আইসবক্স (ice-box), রিফ্রিজারেটর (refrigerator)
ثُلَّة ج ثُلَل	দল, বড় দল, বহুসংখ্যক মানুষ
ثَلَثَ [ص] (ثَلْث)	তৃতীয় হওয়া
ثَلَّثَ (تَثْلِيث)	ত্রিগুণ করা, ত্রিকোণ করা, তিন নোক্তা দেওয়া, এক তৃতীয়াংশ করা, ত্রিত্ববাদে বিশ্বাসী হওয়া
ثُلُث ، ثُلْث ج أَثْلَاث	এক তৃতীয়াংশ, তিন ভাগের একভাগ
ثُلُثَان ، ثُلُثَيْن	দুই তৃতীয়াংশ, তিন ভাগের দুইভাগ
ثَلْج ج ثُلُوج	বরফ, তুষার, হিমানী, নীহার
ثَلَّجَ (تَثْلِيج)	ঠাণ্ডা করা, বরফ দ্বারা ঠাণ্ডা করা, বরফে পরিণত করা
ثَلْم	খাঁজ, ফাঁক, ছিদ্র, ত্রুটি

আরবী	বাংলা
ثَلَمَ [ض] (ثلم)	খাঁজ কাটা, ভোঁতা করা, নষ্ট করা, ছিদ্র করা
ثَلِمَ [س] (ثلم)	ভোঁতা হওয়া, খাঁজযুক্ত হওয়া
ثَلَّمَ (تثليم)	খাঁজ কাটা, ভোঁতা করা, ছিদ্র করা
ثُلْمَة ج ثُلَم	খাঁজ, ফাঁক, ছিদ্র, ত্রুটি
ثَمَّ	সেখানে, সেইখানে, তথায়
مِنْ ثَمَّ	এখান থেকে, এ কারণে, এই হেতু, অতএব, তাই
ثُمَّ	তারপর, অতঃপর, আবার, অধিকন্তু
ثِمَال	পরিচালক, তত্ত্বাবধায়ক, নেতা
ثُمَالَة	পাত্রে অবশিষ্ট পানীয়, তলানি, ফেনা
ثُمَام	ঘাস, তৃণ
ثُمَامَة	তৃণফলা, সুঁচালো বৃক্ষপত্র
ثُمَانَ	একবারে আট, আট আট করে
ثَمَانُون ، ثَمَانِين	আশি, অশীতি (সংখ্যা)
الثَّمَانُون ، الثَّمَانِين	আশিতম, অশীতিতম
ثَمَانِي ، ثَمَانٍ	আট, অষ্ট, আটজন, আটটি (স্ত্রী)
ثَمَانِيَة	আট, অষ্ট, আটজন, আটটি (পুং)
ثَمَانِيَةَ عَشَرَ ـ ثَمَانِي عَشْرَةَ	আঠার, আঠারো, অষ্টাদশ (সংখ্যা)
الثَّمَانِينَات	আশির দশক
ثَمَّةَ ، ثَمَّتَ	সেখানে, সেইখানে, তথায়
ثَمَر ج ثِمَار ، أَثْمَار	ফল, ফলফল, পরিণতি, মুনাফা, উপকারিতা
ثَمَرَة ج ثَمَرَات	ফল, ফলাফল, পরিণতি, পরিণাম
ثَمِلَ [س] (ثمل)	মাতাল হওয়া, নেশাগ্রস্ত হওয়া
ثَمِل ـ ثَمِلَة	মাতাল, নেশাগ্রস্ত
ثَمَن ج أَثْمَان ، أَثْمِنَة	মূল্য, দাম, অর্ঘ, মাসুল
ثَمَنَ [ن] (ثمن)	অষ্টম হওয়া

ثَمَّنَ (تَثْمِين)	মূল্য নির্ধারণ করা, মূল্যায়ন করা
ثُمْن ، ثُمُن ج أَثْمَان	এক অষ্টমাংশ, আট ভাগের একভাগ
ثَمُود	ছামূদঃ প্রাচীন আরবের একটি গোত্র
ثَمِين ـث ثَمِينَة	মূল্যবান, দামী, বহুমূল্য, মহার্ঘ
ثَنَاء	প্রশংসা, স্তুতি, স্তব, গুণগান
ثُنَاءَ	একবারে দুই, দুই দুই করে, জোড়ায় জোড়ায়
ثُنَائِيّ ـث ثُنَائِيَّة	দ্বৈত, দ্বিপাক্ষিক, জোড়া, যুগল
ثَنَوِيّ ـث ثَنَوِيَّة	দ্বৈতবাদী, দ্বৈতী
ثَنَوِيَّة	দ্বৈতনীতি, দ্বৈতবাদ
ثَنْي ، ثَنْيَة ج ثَنْيَات	ভাঁজ, বাঁক, মোড়, পাক
ثَنَى [ض] (ثَنْي)	ফিরানো, ঘুরানো, পরিবর্তন করা, ভাঁজ করা, গোপন রাখা
ثَنَّى (تَثْنِيَة)	দ্বিগুণ করা, দ্বিবচন করা, দুই নোকতা দেওয়া
ثِنْي ج أَثْنَاء	ভাঁজ, চুনট, ভাঁজের দাগ, বাঁক, পাক
ثَنِيَّة ج ثَنَايَا	সামনের দাঁত, ভাঁজ, সরু পথ
ثَوَاب	প্রতিদান, প্রতিফল, পুরস্কার, ছওয়াব, সওয়াব
ثَوَّاب ج ثَوَّابُون	বস্ত্র-ব্যবসায়ী, পোশাক-ব্যবসায়ী, কাপড়ওয়ালা
ثَوْب ج ثِيَاب ، أَثْوَاب	কাপড়, বস্ত্র, বসন, পোশাক, পরিধেয়, পরিচ্ছদ
ثَوَّبَ (تَثْوِيب)	প্রতিদান দেওয়া, প্রতিফল দেওয়া, সওয়াব দেওয়া
ثُوَّة ج ثُوًى	(রাস্তার) দূরত্ব-নির্দেশক স্তম্ভ, মাইল-ফলক
ثَوْر ج ثِيرَان	ষাঁড়, বলদ, (মক্কা শরীফের) ছাওর পাহাড়
الثَّوْر	বৃষরাশিঃ রাশিচক্রের দ্বিতীয় রাশি
ثَوَرَان	উত্তেজনা, বিশৃঙ্খলা, বিক্ষোভ, গণ্ডগোল
ثَوْرَة ج ثَوْرَات	বিদ্রোহ, বিপ্লব, উত্তেজনা, উত্থান, জাগরণ
ثَوْرَوِيّ ـث ثَوْرَوِيَّة	বিদ্রোহী, বিপ্লবী, বৈপ্লবিক
ثَوْرِيّ ـث ثَوْرِيَّة	বিদ্রোহাত্মক, বিদ্রোহী, বৈপ্লবিক, বিপ্লবী

ثُوم	রসুন, লশুন
ثُومَة	রসুনের কোয়া, তরবারির হাতল
ثَوَى [ض] (ثَوَاء ، مَثْوَى)	বাস করা, অবস্থান করা, বিশ্রাম নেওয়া
ثَوِيّ	অতিথিকক্ষ, অতিথিশালা, অতিথি, বন্দী
ثَوِيَّة ج ثَوِيَّات ، ثَوَايَا	স্ত্রী, সহধর্মিনী, মেষশালা
ثِيَاب	কাপড়, বস্ত্র, পোশাক, কাপড়-চোপড়, পোশাক-পরিচ্ছদ
ثِيَاب جَاهِزَة	তৈরী পোশাক
ثَيِّب ج ثَيِّبَات	অকুমারী, বিবাহিতা, তালাকপ্রাপ্তা, বিধবা

ج

ج	জীমঃ আরবী বর্ণমালার ৫ম হরফ
جَاءَ ض (مَجِيء)	আসা, আগমন করা, পৌঁছা, সম্পন্ন করা
جَاءَ بِ	নিয়ে আসা, আনা, আনয়ন করা
جَائِر ج جَارَة ، جَائِرُون	অন্যায়কারী, অত্যাচারী, জালিম, সীমালঙ্ঘনকারী
جَائِز مث جَائِزَة	জায়েয, বৈধ, বিধিসম্মত, অতিক্রমকারী
جَائِزَة ج جَوَائِز ، جَائِزَات	পুরস্কার, পারিতোষিক, বৃত্তি
جَائِع ج جِيَاع ، جَائِعُون	ক্ষুধার্ত, অভুক্ত, অনাহারী, উপবাসী
جَائِل ج جَائِلُون	যে ঘুরে বেড়ায়, ভ্রমণকারী, পরিভ্রমণকারী, সফরকারী
جَابَ ن (جَوْب)	কাটা, কর্তন করা, ছিদ্র করা
جَابَ (جَوْب ، تَجْوَاب)	ভ্রমণ করা, সফর করা, ঘুরে বেড়ানো, ঘোরাঘুরি করা
جَابِر ج جَابِرُون	যে ভাঙ্গা হাড় যথাস্থানে বসায়, মেরামতকারী, বাধ্যকারী, শক্তিশালী
جَابِيَة ج جَوَابِي، جَوَاب	(পানির) ট্যাংক, হাউজ, জলাধার
جَاثِم ج جَاثِمُون	উপুড়, অধোমুখী
جَاثِي، جَاثٍ مث جَاثِيَة	হাঁটুর ওপর ভর করে আছে এমন
الجَاثِيَة	সূরা আল-জাছিয়াঃ পবিত্র কোরআনের ৪৫তম সূরা
جَاحِد ج جَاحِدُون	অস্বীকারকারী, অবিশ্বাসী
جَاحِظ مث جَاحِظَة	ডাগর চোখবিশিষ্ট, বিস্ফারিতনেত্র
جَادّ مث جَادَّة	ঐকান্তিক, আন্তরিক, একাগ্র, সাগ্রহ
جَادَ ن (جَوْدَة)	ভাল হওয়া, উত্তম হওয়া, সুন্দর হওয়া, সেরা হওয়া
جَادَ ن (جُود)	দান করা, বদান্যতা প্রদর্শন করা, উদারতা দেখানো
جَادَلَ (مُجَادَلَة)	ঝগড়া করা, বিবাদ করা, বিতর্ক করা
جَاذَبَ (مُجَاذَبَة)	একে অপরকে আকর্ষণ করা, টানাটানি করা
جَاذِب مث جَاذِبَة	আকর্ষণকারী, আকর্ষক, মুগ্ধকর

جَاذِبِيَّة — আকর্ষণ, আকর্ষণ-শক্তি, মাধ্যাকর্ষণ

جَار ج جِيرَان — প্রতিবেশী, প্রতিবাসী, পড়শী, আশ্রিত

جَارّ مث جَارَّة — আকর্ষণকারী, শেষ বর্ণে "ই" ধ্বনি প্রয়োগকারী (অব্যয়)

جَارَ ا ن (جَوْر) — অন্যায় করা, অত্যাচার করা, বাড়াবাড়ি করা

جَارَة ج جَارَات — প্রতিবেশিনী, প্রতিবাসিনী

جَارِحَة ج جَوَارِح — দেহের অঙ্গ, মাংসভোজী প্রাণী, শিকারী প্রাণী, শিকারী পাখি

جَارَى (مُجَارَاة) — একসাথে চলা, তাল মিলিয়ে চলা, পাল্লা দেওয়া, একরকম হওয়া

جَارِي ، جَارٍ مث جَارِيَة — প্রবহমান, চলমান, বর্তমান, ধাবমান, চালু, জারী

جَارِيَة ج جَوَارِي ، جَارِيَات — মেয়ে, দাসী, পরিচারিকা, নৌকা, জাহাজ, জলযান

جَازَ ا ن (جَوَاز) — বৈধ হওয়া, জায়েয হওয়া, অতিক্রম করা

جَازِم ج جَازِمُون — সঙ্কল্পকারী, প্রত্যয়ী, দৃঢ়সঙ্কল্প

جَازِم مث جَازِمَة — চূড়ান্ত, নিশ্চিত, "জযম" দানকারী (অব্যয়)

جَازَى (مُجَازَاة) — প্রতিদান দেওয়া, ক্ষতিপূরণ দেওয়া, পুরস্কার দেওয়া, শাস্তি দেওয়া

جَازِي ، جَازٍ — যথেষ্ট, প্রতিদানদাতা, পুরস্কারদাতা, শাস্তিদাতা

جَاسَ ا ن (جَوْس) — গোপনে নজর রাখা, উঁকি মারা, ঢুকে পড়া, তল্লাশি করা

جَاسُوس ج جَوَاسِيس — চর, গুপ্তচর, গুপ্তদূত, গোয়েন্দা

جَاسُوسِيَّة — গুপ্তচরবৃত্তি, গোয়েন্দাগিরি, গোপনে নজরদারি

جَاشَ ا ض (جَيْش) — উত্তেজিত হওয়া, উদ্বেলিত হওয়া, টগবগ করা, তীব্র হওয়া

جَاعَ ا ن (جَوْع ، مَجَاعَة) — ক্ষুধার্ত হওয়া, ক্ষুধা লাগা, পেতে চাওয়া

جَاعِل ج جَاعِلُون — সম্পাদনকারী, প্রস্তুতকারী, সৃষ্টিকারী, নিয়োগকারী

جَافّ مث جَافَّة — শুকনা, শুকনো, শুষ্ক, নীরস, নিষ্প্রাণ, রূঢ়, কঠিন

جَافِي ، جَافٍ ج جُفَاة — কঠোর, রূঢ়, নির্দয়, অভদ্র, অত্যাচারী

جَاكَارْتَا — জাকার্তা (নগরী): ইন্দোনেশিয়ার রাজধানী

جَاكِيت ، جَاكِيتَة — জ্যাকেট (jacket)

جَالَ ا ن (جَوْلَة ، جَوَلَان) — ঘুরে বেড়ানো, ভ্রমণ করা, সফর করা, চক্কর দেওয়া

جَالِب ج جَالِبُونَ	আকর্ষণকারী, আনয়নকারী, আমদানিকারক
جَالَسَ (مُجَالَسَة)	সাথে বসা, একত্রে বসা, ওঠাবসা করা, সঙ্গী হওয়া
جَالِس ج جَالِسُونَ	উপবিষ্ট, বসা, আসন গ্রহণকারী, আসীন
جَالُوت	দৈত্য, দানব, জালূতঃ (পবিত্র কোরআনে উল্লিখিত) এক কাফের বাদশা
جَالُون	গ্যালন (gallon)
جَالِيَة ج جَوَالِي ، جَوَالٍ	উপনিবেশ, কলোনি (colony)
جَام ج جَامَات	পেয়ালা, পাত্র, বাটি, পানপাত্র
جَامَايكَا	জামাইকা (দ্বীপরাষ্ট্র)
جَامِح مث جَامِحَة	অবাধ্য, একগুঁয়ে, জেদী
جَامِد مث جَامِدَة	জমাটবদ্ধ, ঘনীভূত, কঠিন, জড়, স্থূলবুদ্ধি, মৌল, আদি (বিশেষ্য)
جَامَعَ (مُجَامَعَة ، جِمَاع)	সহবাস করা, সঙ্গম করা
جَامِع ج جَامِعُون	জমাকারী, সমন্বয়কারী, সংগ্রহকারী, সঙ্কলক
جَامِع ج جَوَامِع	মসজিদ, নামাযের ঘর
جَامِع مث جَامِعَة	সমন্বিত, বহুমুখী, সর্বব্যাপী, ব্যাপক
جَامِعَة ج جَامِعَات	জোট, লীগ (league), বিশ্ববিদ্যালয়
الجَامِعَة العَرَبِيَّة ، جَامِعَة الدُّوَل العَرَبِيَّة	আরব লীগঃ আরব রাষ্ট্রসমূহের সংস্থা
جَامِعِيّ مث جَامِعِيَّة	বিশ্ববিদ্যালয়সংক্রান্ত, বিশ্ববিদ্যালয়-বিষয়ক, বিশ্ববিদ্যালয়ের
جَامَلَ (مُجَامَلَة)	সৌজন্যমূলক আচরণ করা, ভদ্র ব্যবহার করা
جَامُوس ج جَوَامِيس	মহিষ, মোষ
جَانّ ج جِوَانّ	জিন (জাতি), নিরীহ সাপ
جَانِب ج جَوَانِب	পার্শ্ব, পাশ, পার্শ্বদেশ, দিক, পক্ষ
بِجَانِب	পার্শ্বে, পাশে, নিকটে, কাছে
جَانِح ج جَوَانِح	পার্শ্ব, প্রান্ত, পার্শ্বভাগ, প্রান্তভাগ
جَانِح ج جَانِحُون	ঝুঁকে পড়ে এমন, প্রস্থানকারী, বিপথগামী, অপরাধী
جَانِحَة ج جَوَانِح	পাঁজর, হৃদয়, অন্তর, আত্মা

جَانَسَ (مُجَانَسَة)	সদৃশ হওয়া, অনুরূপ হওয়া, একই শ্রেণীর হওয়া
جَانِي ، جَانٍ ج جُنَاة	সংগ্রহকারী, আহরণকারী, অপরাধকারী, অপরাধী, পাপী
جَاه ، جَاهَة ج جَاهَات	সম্মান, মর্যাদা, গৌরব, খ্যাতি, প্রভাব
جَاهَدَ (مُجَاهَدَة ، جِهَاد)	জিহাদ করা, সংগ্রাম করা, সাধনা করা, চেষ্টা করা
جَاهِد ج جَاهِدُون	চেষ্টাকারী, প্রচেষ্টাকারী, পরিশ্রমকারী, পরিশ্রমী
جَاهِز ث جَاهِزَة	প্রস্তুত, তৈরী, আসবাবপত্রে সজ্জিত
جَاهِزِيَّة	প্রস্তুতি, আয়োজন, উদ্যোগ
جَاهِل ج جُهَّال ، جُهَلَاء ، جَاهِلُون	অজ্ঞ, মূর্খ, নির্বোধ, জাহেল
جَاهِلِيّ ث جَاهِلِيَّة	অজ্ঞতাপূর্ণ, জাহিলী, জাহিলীযুগীয়, ইসলামপূর্ব
جَاهِلِيَّة	অজ্ঞতা, পৌত্তলিকতা, ইসলামপূর্বকাল, জাহিলী যুগ
جَاوَبَ (مُجَاوَبَة)	জবাব দেওয়া, সাড়া দেওয়া, প্রতিধ্বনি করা
جَاوَرَ (مُجَاوَرَة)	পাশাপাশি বাস করা, পার্শ্ববর্তী হওয়া, প্রতিবেশী হওয়া
جَاوَزَ (مُجَاوَزَة)	অতিক্রম করা, ছাড়িয়ে যাওয়া, লঙ্ঘন করা
جَأَرَ (ف) (جَأْر ، جُؤَار)	হাম্বারব করা, গর্জন করা, চিৎকার করা, ফরিয়াদ করা
جُؤَار	হাম্বারব, গর্জন, নাদ, ফরিয়াদ
جُبّ ج جِبَاب ، أَجْبَاب	কূপ, কুয়া, গর্ত, ঝোপ
جَبَّار ج جَبَابِرَة ، جَبَّارُون	শক্তিধর, শক্তিশালী, প্রতাপশালী, অহঙ্কারী, স্বেচ্ছাচারী
الجَبَّار	মহা প্রতাপশালী (আল্লাহ)
جَبَان ج جُبَنَاء	ভীরু, ভীতু, কাপুরুষ, সাহসহীন
جَبَّان ج جَبَّانُون	পনিরবিক্রেতা, পনিরওয়ালা
جَبَانَة	ভীরুতা, কাপুরুষতা, সাহসহীনতা
جَبَّانَة ج جَبَّانَات	কবরস্থান, গোরস্থান
جِبَايَة ج جِبَايَات	কর, শুল্ক, ট্যাক্স, আদায়, সংগ্রহ
جِبْت	মূর্তি, প্রতিমা, যাদুকর, ভেল্কিবাজ, যাদু, ভেলকি
جُبَّة ج جُبَب ، جِبَاب	জুব্বা, আলখিল্লা, ঢিলা জামা

جَبْر	মেরামত, সংশোধন, যথাস্থানে স্থাপন, ক্ষতিপূরণ, বাধ্যকরণ, শক্তি, অহঙ্কার
عِلْم الجَبْر	বীজগণিত, algebra
جَبَرَ ا ن ا (جَبْر)	মেরামত করা, যথাস্থানে বসানো, জোড় লাগানো, সারিয়ে তোলা, পূরণ করা বাধ্য করা
جَبْرًا	জোরপূর্বক, বলপূর্বক, জোর করে, জবরদস্তিমূলকভাবে
جِبْرَائِيل	জিবরাঈল (আঃ)
جَبَرُوت	শক্তিমত্তা, দাপট, প্রভাব, প্রতাপ, অহঙ্কার, বড়াই
الجَبَرِيَّة	জাবারিয়াঃ অদৃষ্টবাদী একটি মুসলিম ধর্মতাত্ত্বিক মতবাদ ও এই মতবাদে বিশ্বাসী সম্প্রদায়
جِبْرِيل	জিবরাঈল (আঃ)
جَبَل ج جِبَال ، أَجْبَال	পাহাড়, পর্বত, গিরি, ভূধর
جَبَل طَارِق	জিব্রাল্টার (প্রণালী)
جِبِلّ	বিরাট দল, স্বভাব, প্রকৃতি
جِبِلَّة ج جِبِلَّات	স্বভাব, প্রকৃতি, জন্মগত স্বভাব, স্বভাবগত প্রবণতা
جَبَلِيّ ـ ت جَبَلِيَّة	পাহাড়ী, পার্বত্য, গিরি-
جِبِلِّيّ ـ ت جِبِلِّيَّة	স্বভাবজাত, স্বভাবগত, জন্মগত
جَبُنَ ا ت ا (جُبْن ، جَبَانَة)	ভীরু হওয়া, ভীতু হওয়া, কাপুরুষ হওয়া
جَبَّنَ (تَجْبِين)	ভীরু বলা, কাপুরুষ বলা, পনির তৈরী করা
جُبْن	ভীরুতা, কাপুরুষতা, সাহসহীনতা, পনির (খাদ্য)
جُبْنَة	পনির, পনীর (খাদ্য)
جَبْهَة ج جِبَاه ، جَبَهَات	কপাল, ললাট, সম্মুখভাগ, ফ্রন্ট (front)
جَبَى ا ض ا (جِبَايَة)	আদায় করা, সংগ্রহ করা, টেনে আনা
جَبِين ج جُبُن ، أَجْبُن	কপাল, ললাট, সম্মুখভাগ
جَبِين ج جُبَنَاء	ভীরু, ভীতু, কাপুরুষ, সাহসহীন
جَثَا ا ن ا (جُثُوّ)	হাঁটু গেড়ে বসা, জানু পেতে বসা
جُثَّة ج جُثَث ، جُثَّات	মৃতদেহ, দেহ, শরীর
جَثَمَ ا ن ا ض ا (جَثْم ، جُثُوم)	(পাখি) উড়ে এসে বসা, ডালে বসা

جُثْمَان ج جُثْمَانَات	দেহ, শরীর, কায়, কায়া
جُثُوّ ، جُثِيّ	হাঁটু গেড়ে উপবেশন, জানু পেতে উপবেশন
جَحَدَ [ف] (جَحْد ، جُحُود)	অস্বীকার করা, অবিশ্বাস করা, বিরোধিতা করা
جُحْر ج جُحُور	গর্ত, গুহা, (বন্য জন্তুর) আড্ডা, আস্তানা
جَحَظَ [ف] (جُحُوظ)	ড্যাব ড্যাব করে তাকানো, বিস্ফারিত চোখে তাকানো
جُحُود	অস্বীকৃতি, অস্বীকার, অমান্যতা, অবিশ্বাস, বিরোধিতা
جَحِيم	তীব্র আগুন, দোযখ, জাহান্নাম
جَدّ ج أَجْدَاد	দাদা, নানা, পিতামহ, মাতামহ, পূর্বপুরুষ
جَدّ ج جُدُود	ভাগ্য, অদৃষ্ট, সম্পদ, মহত্ত্ব, সম্মান, মর্যাদা
جَدَّ [ض] (جَدّ ، جِدّ)	চেষ্টা করা, প্রয়াস চালানো, আত্মনিয়োগ করা, গুরুত্বপূর্ণ হওয়া
جَدَّ (جِدَّة)	নতুন হওয়া, নতুনভাবে হওয়া
جِدّ	ঐকান্তিক প্রচেষ্টা, ঐকান্তিকতা, একাগ্রতা, আগ্রহ
جِدًّا	অত্যন্ত, অনেক, অতি, অতিশয়
جِدَار ج جُدُر ، جُدْرَان	দেয়াল, প্রাচীর, বেড়া, বেষ্টনী
جَدَارَة	যোগ্যতা, উপযুক্ততা, যথাযথতা
جِدَال	ঝগড়া, বিবাদ, বিতর্ক, কলহ
جَدْب	অনুর্বরতা, শুষ্কতা, বৃষ্টিহীনতা, দুর্ভিক্ষ
جَدْب مث جَدْبَة	অনুর্বর, বন্ধ্যা, শুষ্ক
جَدَبَ [ن] (جَدْب)	অনুর্বর হওয়া, নিষ্ফলা হওয়া, শুষ্ক হওয়া
جَدْبَاء	অনুর্বর, নিষ্ফলা, বন্ধ্যা (أَجْدَب-এর স্ত্রীলিঙ্গ)
جَدَّة ج جَدَّات	দাদী, নানী, পিতামহী, মাতামহী
جِدَة	প্রাচুর্য, সম্পদ, যোগ্যতা, ক্ষমতা, শক্তি
جِدَّة	নতুনত্ব, আধুনিকতা, জেদ্দা (নগরী)
جُدَّة ج جُدَد	চিহ্ন, পথ, উন্মুক্ত পথ, পদ্ধতি, জেদ্দা (নগরী)
جَدَث ج أَجْدَاث ، أَجْدُث	কবর, গোর, সমাধি

جُدْجُدٌ	ঝিঁঝিঁপোকা
جَدَّدَ (تَجْدِيد)	নতুন করা, নবায়ন করা, নতুনভাবে করা, সংস্কার করা
جَدُرَ [ك] (جَدَارَة) بِ	যোগ্য হওয়া, উপযুক্ত হওয়া, যথাযথ হওয়া
جُدَرِيّ	গুটিবসন্ত (রোগ)
جُدَرِيّ الماء	জলবসন্ত (রোগ)
جَدَعَ [ف] (جَدْع)	কর্তন করা, কেটে ফেলা, ছিন্ন করা
جَدَفَ [ض] (جَدْف)، جَدَّفَ (تَجْدِيف)	দাঁড় টানা, দাঁড় টেনে চালানো
جَدَل	ঝগড়া, বিবাদ, তর্ক, বিতর্ক
جَدْوَل ج جَدَاوِل	তালিকা, সূচী, ছোট নদী, নালা
جَدْوَلَ (جَدْوَلَة)	তালিকা করা, লিস্ট করা
جَدْوَى	দান, উপহার, উপঢৌকন, সুবিধা, লাভ
جَدْي ج جِدَاء ، أَجْدٍي ، جِدْيَان	ছাগলছানা, ছাগশিশু
الجَدْي	মকররাশিঃ রাশিচক্রের দশম রাশি
جَدَى	দান, উপহার, বৃষ্টি
جَدِيّ ست جَدِيَّة	উদার, বদান্য, মুক্তহস্ত
جِدِّيّ ست جِدِّيَّة	আন্তরিকতাপূর্ণ, আন্তরিক, গুরুত্বপূর্ণ, জোরালো
جِدِّيَّة	আন্তরিকতা, গুরুত্ব
جَدِيد ج جُدُد	নতুন, নূতন, নব, নবাগত, আধুনিক, সাম্প্রতিক, অভিনব
جَدِير ج جُدَرَاء ، جَدِيرُون	যোগ্য, উপযুক্ত, যথাযথ
جَدِير بِالذِّكْر	উল্লেখযোগ্য
جُدَيْرِيّ	জলবসন্ত
جَذَّاب ست جَذَّابَة	আকর্ষণীয়, আকর্ষক, মুগ্ধকর
جُذَاذ ، جُذَاذَة ج جُذَاذَات	টুকরা, খণ্ড, কাগজের টুকরা
جُذَام	গোদ (রোগ), কুষ্ঠরোগ
جَذْب	আকৃষ্টকরণ, আকর্ষণ, টান

جَذَبَ [ض] (جَذْب)	আকৃষ্ট করা, আকর্ষণ করা, টানা, টেনে ধরা
جَذَبَ [ض] (جَذْب)، جَذَّبَ (تَجْذِيب)	দাঁড় টানা, দাঁড় টেনে চালানো
جَذْر ، جِذْر ج جُذُور	মূল, গোড়া, শিকড়, শিং
جِذْع ج جُذُوع	ডাল, শাখা, দণ্ড, কড়িকাঠ
جَذَّفَ (تَجْذِيف)	দাঁড় টানা, দাঁড় টেনে চালানো
جِذْل ج جُذُول	বৃক্ষমূল, গাছের গোড়া, গুঁড়ি
جَذَمَ [ض] (جَذْم) ، جَذَّمَ (تَجْذِيم)	কর্তন করা, কেটে ফেলা, ছিন্ন করা
جَذْوَة ج جِذًى ، جُذًى	জ্বলন্ত অঙ্গার, আগুনের ফুলকি, অগ্নিশিখা
جَرّ	টান, আকর্ষণ, শব্দের শেষ বর্ণে "ই" ধ্বনি প্রয়োগ, সম্বন্ধপদীয় কারক (ব্যা)
جَرَّ [ن] (جَرّ)	টানা, তাড়ানো, চালানো, শেষ বর্ণে "ই" ধ্বনি প্রয়োগ করা (ব্যা)
جَرَاءَة	সাহস, বিক্রম, দুঃসাহস, বাহাদুরি, স্পর্ধা
جِرَاب ج أَجْرِبَة ، جُرُب	থলি, ঝুলি, তরবারির খাপ
جِرَاب ج جِرَابَات	মোজা, পায়ের মোজা
جَرَّاح ج جَرَّاحُون	শল্যচিকিৎসক, সার্জন (surgeon)
جِرَاحَة	শল্যচিকিৎসা, অস্ত্রোপচার, অপারেশন (operation)
جِرَاحَة ج جِرَاحَات	ক্ষত, আঘাত, জখম, ঘা
جَرَاد ، جَرَادَة	পঙ্গপাল, ফড়িং
جُرَادَة	ছাল, ত্বক, বহিরাবরণ
جِرَان ج جُرُن	উটের ঘাড়ের সম্মুখভাগ, বোঝা
جِرَايَة ج جِرَايَات	প্রতিদিনের খাদ্য, রেশন, বেতন, ভাতা
جَرُؤَ [ك] (جُرْأَة ، جَرَاءَة)	সাহসী হওয়া, সাহস করা, দুঃসাহস করা, স্পর্ধা দেখানো
جُرْأَة	সাহস, বিক্রম, দুঃসাহস, বাহাদুরি, স্পর্ধা
جَرَب	পাঁচড়া, খোস, খোস-পাঁচড়া, মরিচা
جَرِب مث جَرِبَة	পাঁচড়াযুক্ত, খোস-পাঁচড়ায় আক্রান্ত, মরিচাযুক্ত
جَرِبَ [س] (جَرَب)	পাঁচড়াযুক্ত হওয়া, খোস-পাঁচড়ায় আক্রান্ত হওয়া, মরিচা ধরা

পরীক্ষা করা, পরখ করা, অনুশীলন করা	جَرَّبَ (تَجْرِبَة)
পাঁচড়াযুক্ত, খোস-পাঁচড়ায় আক্রান্ত (أَجْرَب-এর বহুবচন)	جُرْب
পাঁচড়াযুক্ত, খোস-পাঁচড়ায় আক্রান্ত (أَجْرَب-এর স্ত্রীলিঙ্গ)	جَرْبَاء
কলস, কলসী, দাগ, আঁচড়	جَرَّة ج جَرَّات ؛ جِرَار
(গবাদিপশুর) জাবর	جِرَّة
জীবাণু, রোগজীবাণু, বীজ	جُرْثُوم ، جُرْثُومَة ج جَرَاثِيم
আহত করা, জখম করা, আঘাত করা, আয় করা, মুনাফা করা	جَرَحَ [ف] (جَرْح)
ক্ষত, জখম, আঘাত, ঘা	جُرْح ج جُرُوح
আহত হওয়া, আঘাতপ্রাপ্ত হওয়া	جُرِحَ
মুক্ত করা, শূন্য করা, নগ্ন করা, আলাদা করা, ছাল ছাড়ানো, (তরবারি) কোষমুক্ত কর	جَرَّدَ (تَجْرِيد)
তৃণবিহীন ভূমি	جُرُز
ঘন্টা, ঘন্টা-ধ্বনি, সঙ্কেত-ধ্বনি	جَرَس ج أَجْرَاس
বাজা, শব্দ করা, আওয়াজ দেওয়া	جَرَسَ [ض] (جَرْس)
ঢোক গেলা, গলাধঃকরণ করা	جَرَعَ [ف] (جَرْع)، جَرِعَ [س] (جَرْع)
গেলানো, গলাধঃকরণ করানো	جَرَّعَ (تَجْرِيع)
ঢোক, চুমুক, ঔষধের মাত্রা	جَرْعَة ج جَرَعَات ، جُرْعَة ج جُرَع
(নদীর) ভাঙ্গনযুক্ত তীর	جُرْف ج أَجْرُف ، جُرُف ج جِرَفَة
অপরাধ, পাপ, গুনাহ, অন্যায়	جُرْم ج أَجْرَام
নিশ্চয়ই, অবশ্যই	لَا جَرَمَ
কর্তন করা, কাটা, চূড়ান্ত করা, সংগ্রহ করা, প্ররোচিত করা	جَرَمَ [ض] جَرْم
অপরাধী করা, অপরাধে অভিযুক্ত করা	جَرَّمَ (تَجْرِيم)
অপরাধ, পাপ, গুনাহ, অন্যায়	جُرْم
জুরহুমঃ প্রাচীন আরবের একটি গোত্র	جُرْهُم
চলন, প্রবাহ, গতি, দৌড়, ধাবন	جَرْي
প্রবাহিত হওয়া, চলা, দৌড়ানো, হওয়া, সম্পন্ন হওয়া	جَرَى [ض] (جَرْي)

جَرَى (تَجْرِيَةً)	চালানো, চালু করা, ছুঁড়ে দেওয়া, প্রবাহিত করা
جَرَيَان	প্রবাহ, গতি, দৌড়, ধাবন
جَرِيء ج أَجْرِيَاء	সাহসী, দুঃসাহসী, বাহাদুর, বিক্রমী
جَرِيح ج جَرْحَى	আহত, আঘাতপ্রাপ্ত, জখমী, ঘায়েল
جَرِيد	(পাতা-ছাড়ানো) খেজুর গাছের ডাল
جَرِيدَة ج جَرَائِد	সংবাদপত্র, গেজেট, তালিকা, খেজুর গাছের ডাল
جَرِيم ـ جَرِيمَة	বিরাট, স্থূলকায়, কর্তিত (গাছ), অপরাধী, অন্যায়কারী, পাপী
جَرِيمَة ج جَرَائِم	অপরাধ, পাপ, গুনাহ, অন্যায়, জরিমানা
جَزَاء	প্রতিদান, কর্মফল, পুরস্কার, ক্ষতিপূরণ, শাস্তি, দণ্ড, (ব্যাকরণে) শর্তের জওয়াব
الجَزَائِر	আলজিরিয়া (দেশ), আলজিয়ার্স (নগরী)ঃ আলজিরিয়ার রাজধানী
جَزَائِيّ ـ جَزَائِيَّة	শাস্তিমূলক, দণ্ডসংক্রান্ত, দণ্ডনীয়
جَزَّار ج جَزَّارَة ، جَزَّارُون	কসাই, নিষ্ঠুর লোক
جِزَارَة	কসাইয়ের কাজ, কসাইবৃত্তি
جَزَالَة	আধিক্য, পর্যাপ্ততা, শ্রেষ্ঠত্ব, মহত্ব, যথার্থতা
جُزْء ج أَجْزَاء	অংশ, খণ্ড, ভাগ, (কোরআন শরীফের) পারা
جَزَّأَ (تَجْزِئَة)	ভাগ করা, বিভক্ত করা, টুকরা টুকরা করা, ভেঙ্গে ফেলা, কেটে ফেলা
جُزْئِيّ ـ جُزْئِيَّة	আংশিক, আনুষঙ্গিক, গৌণ
جُزْئِيًّا	আংশিকভাবে, অংশতঃ, অংশত
جُزْئِيَّات	বিস্তারিত বিষয়, আনুষঙ্গিক বিষয়াদি, গৌণ বিষয়াদি, বিশেষ দিকসমূহ
جَزْر	ভাটা, জবাই, হত্যা, কসাইবৃত্তি
جَزَر ، جِزَر	গাজর (সবজি)
جَزَرَ (ن) (جَزْر)	জবাই করা, হত্যা করা, কেটে ফেলা, ভাটা লাগা
جَزَرِيّ ـ جَزَرِيَّة	দ্বীপসংক্রান্ত, দ্বীপের ন্যায়, দ্বীপের অধিবাসী, দ্বীপের
جَزَع	অস্থিরতা, অধৈর্যতা, উৎকণ্ঠা, দুঃখ
جَزِع ـ جَزِعَة	অস্থির, অধৈর্য, ধৈর্যহারা, উৎকণ্ঠিত, দুঃখিত

جَزَعَ ا س (جَزَع) ধৈর্যহারা হওয়া, বেসবুর হওয়া, অস্থির হওয়া, ঘাবড়ে যাওয়া, দুঃখ প্রকাশ করা

جَزْل প্রচুর, পর্যাপ্ত, ভাল, যথার্থ, বিশুদ্ধ

جَزُلَ ا ك (جَزَالَة) অধিক হওয়া, বেশী হওয়া, বড় হওয়া, সেরা হওয়া

جَزْم সিদ্ধান্ত, সঙ্কল্প, (বর্ণের) বন্ধ উচ্চারণ, জযম (ব্যা)

جَزَمَ ا ض (جَزْم) সিদ্ধান্ত করা, সঙ্কল্প করা, (বর্ণের) বন্ধ উচ্চারণ করা, জযম দেওয়া

جَزْمَة ج جَزَمَات (আরবী বর্ণে) বন্ধ উচ্চারণ-চিহ্ন, জযম চিহ্ন

جَزْمَة ج جَزْمَات ، جِزَم জুতা, বুট (boot)

جَزُوع অস্থির, অধৈর্য, ধৈর্যহারা, উৎকণ্ঠিত, দুঃখিত, ঘাবড়ানো

جَزَى ا ض (جَزَاء) প্রতিদান দেওয়া, পুরস্কার দেওয়া, শাস্তি দেওয়া, যথেষ্ট হওয়া, কাজে আসা

جِزْيَة ج جِزًى কর, জিযিয়াঃ ইসলামী রাষ্ট্রে অমুসলিমদের উপর ধার্যকৃত কর

جَزِيرَة ج جَزَائِر ، جُزُر দ্বীপ, উপদ্বীপ

جَزِيرَة العَرَب আরব উপদ্বীপ

جَزِيل ست جَزِيلَة অনেক, প্রচুর, ভাল, শ্রেষ্ঠ, মহান, যথার্থ, বিশুদ্ধ

جَسَارَة সাহসিকতা, সাহস, বিক্রম, দুঃসাহস, বাহাদুরি

جَسَّاس ج جَسَّاسُون চর, গুপ্তচর, গোয়েন্দা

جَسَامَة বিরাটত্ব, বিশালতা, স্থূলতা, প্রকাণ্ডতা

جَسَد ج أَجْسَاد দেহ, শরীর, কায়, কায়া

جَسَّدَ (تَجْسِيد) দেহধারী করা, রূপদান করা, মূর্ত করা

جُسْدَانِيّ ست جُسْدَانِيَّة দৈহিক, শারীরিক, কায়িক

جَسَدِيّ ست جَسَدِيَّة দৈহিক, শারীরিক, কায়িক

جِسْر ، جَسْر ج جُسُور পুল, সেতু, সাঁকো, বাঁধ

جَسَرَ ا ن (جَسَارَة ، جُسُور) সাহস করা, ঝুঁকি লওয়া

جَسَّرَ (تَجْسِير) সাহস দেওয়া, সাহসী করা

جَسُمَ ا ك (جَسَامَة) মোটা হওয়া, স্থূলকায় হওয়া, বিরাটকায় হওয়া

جَسَّمَ (تَجْسِيم) দেহধারী করা, রূপদান করা, মূর্ত করা, বিরাটকায় করা

جِسْم ج أَجْسَام	দেহ, শরীর, কায়, কায়া, আকৃতি
جُسْمَان	দেহ, শরীর, কায়, কায়া
جِسْمَانِيّ مث جِسْمَانِيَّة ، جُسْمَانِيّ مث جُسْمَانِيَّة	দৈহিক, শারীরিক, কায়িক
جِسْمِيّ مث جِسْمِيَّة	দৈহিক, শারীরিক, কায়িক
جَسُور	সাহসী, বাহাদুর, বিক্রমী, দুঃসাহসী
جَسِيم ج جِسَام	বিরাট, বিশাল, স্থূলকায়, প্রকাণ্ড
جَشَع	লোভ, লালসা, তীব্র কামনা, প্রচণ্ড আকাংক্ষা
جَشِع مث جَشِعَة	লোভী, লোলুপ, লোভাতুর, আকাংক্ষী
جَشِعَ [س] (جَشَع)	লোভী হওয়া, লোলুপ হওয়া, পেতে চাওয়া
جَصّ ، جِصّ	প্লাস্টার (plaster), চুন
جَصَّاص ج جَصَّاصُون	প্লাস্টারকারী, চুনকামকারী
جِعَال ج جُعُل	মজুরি, পারিশ্রমিক, বেতন, পুরস্কার, কমিশন
جَعَالَة ، جِعَالَة ج جَعَائِل	মজুরি, বেতন, ভাতা, পুরস্কার, পেনশন, কমিশন, ঘুষ
جَعَّبَ (تَجْعِيب)	ভাঁজ করা, কুঞ্চিত করা, কোঁকড়া করা, ঢেউ খেলানো
جَعْبَة ، جُعْبَة ج جِعَاب	কম্পন, শিহরণ, নল, পাইপ, বন্দুকের নল
جَعْد ج جِعَاد	কোঁকড়া চুলবিশিষ্ট, কৃপণ
جَعَّدَ (تَجْعِيد)	(চুল) কোঁকড়া করা, কুঞ্চিত করা, ভাঁজ করা
جَعْدَة	ভাঁজ, গুচ্ছ, থোকা
جَعْدِيّ مث جَعْدِيَّة	কুঞ্চিত, কোঁকড়ানো, কোঁকড়া
جَعْفَر	জলস্রোত, পানির প্রবাহ, ছোট নদী, স্রোতস্বিনী
جَعَلَ [ف] (جَعْل)	করা, পরিণত করা, নিযুক্ত করা, গঠন করা, সৃষ্টি করা, তৈরী করা, আরম্ভ করা
جُعْل ج أَجْعَال	মজুরি, পারিশ্রমিক, বেতন, পুরস্কার, কমিশন
جَعِيلَة ج جَعَائِل	স্থিরীকৃত মূল্য, মেষপাল
جُغْرَافِيّ مث جُغْرَافِيَّة	ভূগোল-বিষয়ক, ভূগোলসম্বন্ধীয়, ভৌগোলিক
جُغْرَافِيّ ج جُغْرَافِيُّون	ভূগোলবিদ, ভূগোল-বিশারদ

الجُغْرَافِيَا	ভূগোল, geography
جَفَّ [ض] (جَفَاف)	শুকিয়ে যাওয়া, শুষ্ক হওয়া
جَفَا [ن] (جَفْو ، جَفَاء)	কঠোর হওয়া, শক্ত হওয়া, নির্দয় ব্যবহার করা, অত্যাচার করা
جَفَاء	কঠোরতা, রূঢ়তা, নির্দয়তা, দুর্ব্যবহার, অত্যাচার
جُفَاء	স্রোতবাহিত আবর্জনা, জঞ্জাল, তুচ্ছ বস্তু, অহমিকা
جَفَاف	শুষ্কতা, নির্জলতা, নীরসতা, খরা
جَفَّفَ (تَجْفِيف)	শুষ্ক করা, শুকানো, নীরস করা, নিষ্কাশন করা
جَفْل	ভয়, আতংক, শঙ্কা, ডর
جَفَلَ [ن][ض] (جَفْل ، جُفُول)	ভীত হওয়া, ভয় পাওয়া, ডরানো
جَفَّلَ (تَجْفِيل)	ভীত করা, ভয় দেখানো, পরিষ্কার করা
جَفَلَى	(ভোজে) সাধারণ নিমন্ত্রণ, পাইকারি দাওয়াত, বিরাট ভোজ
جَفْن ج جُفُون ، أَجْفَان	চোখের পাতা
جَفْنَة ج جِفَان	বাটি, গামলা, পাত্র
جَفْو ، جَفْوَة	কঠোরতা, রূঢ়তা, নির্দয়তা, দুর্ব্যবহার, অত্যাচার
جُفُول	ভয়, আতঙ্ক, শঙ্কা, ডর
جَفِيل ـ ت جَفِيلَة	ভীত, শঙ্কিত, আতঙ্কিত, অধিক, বেশী, কর্তিত বর্ধিতাংশ
جَلَّ [ض] (جَلَال ، جَلَالَة)	বড় হওয়া, মহান হওয়া, মহিমান্বিত হওয়া
جَلَا [ن] (جَلْو ، جَلَاء)	মসৃণ করা, পালিশ করা, উজ্জ্বল করা, পরিষ্কার করা, স্পষ্ট করা, পরিষ্কার হওয়া, স্পষ্ট হওয়া
جَلَا عَنْ	দেশত্যাগ করা, বিতাড়িত করা
جَلَاء	উজ্জ্বলতা, স্পষ্টতা, মসৃণতা, স্বচ্ছতা, দেশত্যাগ
جَلَّاب ج جَلَّابُون	আমদানিকারী, আমদানিকারক
جَلَّاب ـ ت جَلَّابَة	আকর্ষক, আকর্ষণীয়
جَلَّاد ج جَلَّادُون	জল্লাদ, ঘাতক, চামড়া ব্যবসায়ী
جَلَال ، جَلَالَة	মহিমা, মহত্ত্ব, বড়ত্ব, মর্যাদা, সম্মান
جَلَالَة المَلِك	মহামান্য রাজা, মহারাজ

আরবী	বাংলা
جَلْب	আকর্ষণ, আনয়ন, উপস্থাপন, অর্জন, আমদানি
جَلَبَ [ن] [ض] (جَلْب)	আকর্ষণ করা, উপস্থিত করা, আনা, টেনে আনা, লাভ করা, আমদানি করা
جَلَب ، جَلَبَة	চিৎকার, হৈচৈ, শোরগোল, গণ্ডগোল
جِلْبَاب ج جَلَابِيب	শেমিজ, ব্লাউজ, বড় চাদর
جِلْبَة	(জামার) আস্তিন, আস্তীন, হাতা
جُلْبَة	(ক্ষতের) মামড়ি, মামড়ী
جُلَّة ج جِلَال ، جُلَّات	প্রধান অংশ, বড় অংশ
جُلَّة ج جُلَل	বল, মার্বেল, গুলি, বোমা, (পশুদের) মল, পায়খানা, ঝুড়ি
جُلْجُل ج جَلَاجِل	(ছোট) ঘন্টা
جُلْجُلَان ، جِلْجِلَان	তিল, ধনিয়া, ধনে
جَلْد ، جَلْدَة	কশাঘাত, বেত্রাঘাত, চাবুক
جَلْد ج أَجْلَاد	অবিচল, দৃঢ়, শক্তিমান, সহিষ্ণু
جَلَد	ধৈর্য, সহিষ্ণুতা, সহনশীলতা, স্থৈর্য, স্থিরতা, দৃঢ়তা
جَلَدَ [ض] (جَلْد)	কশাঘাত করা, চাবুক মারা
جَلُدَ [ك] (جَلَادَة ، جُلُودَة)	অবিচল হওয়া, দৃঢ় হওয়া, সহিষ্ণু হওয়া
جَلَّدَ (تَجْلِيد)	(বই) বাঁধাই করা, চামড়া ছাড়ানো
جِلْد ج جُلُود ، أَجْلَاد	ত্বক, চামড়া, ছাল, খাল
جَلَسَ [ض] (جُلُوس)	বসা, উপবেশন করা, আসন গ্রহণ করা, আসীন হওয়া
جَلْسَة ج جَلَسَات	বৈঠক, উপবেশন, সভা, অধিবেশন
جِلْسَة	বসার ধরন, উপবেশন-পদ্ধতি, আসন-পদ্ধতি, উপবেশন, আসন
جَلَّلَ (تَجْلِيل)	সম্মান করা, মহান করা, বড় করা, মহিমান্বিত করা
جَلَم ج أَجْلَام	ছাঁটার যন্ত্র, কাঁচি, কর্তনী
جَلَمَ [ض] (جَلْم)	কর্তন করা, কেটে নেওয়া, ছাঁটা
جَلَمَان	কাঁচি, কর্তনী
جَلْمَد ج جَلَامِد ، جُلْمُود ج جَلَامِيد	শিলাখণ্ড, প্রস্তরখণ্ড, শক্তিশালী লোক

ঔজ্জ্বল্য, পালিশ, বার্নিশ	جَلْو
চর্মকার, চামার	جُلُودِيّ ج جُلُودِيُّون
উপবেশন, আসনগ্রহণ, সভা	جُلُوس
গ্লুকোজ (glucose)	جُلُوكُوز
গ্যালন (gallon)	جَلُون
উজ্জ্বল করা, পালিশ করা, বার্নিশ করা	جَلَى [ض] (جَلْي)
পরিষ্কার করা, উজ্জ্বল করা, প্রকাশ করা, স্পষ্ট করা	جَلَّى (تَجْلِيَة)
পরিষ্কার, স্পষ্ট, প্রকাশ্য, দেদীপ্যমান, চকচকে	جَلِيّ ث جَلِيَّة
বড় ব্যাপার, গুরুত্বপূর্ণ বিষয়	جُلَّى ج جُلَل
স্পষ্ট বিষয়, পরিষ্কার ব্যাপার	جَلِيَّة ج جَلَايَا
বরফ, তুষার, হিমানী, নীহার	جَلِيد
অবিচল, দৃঢ়, শক্তিশালী	جَلِيد ج جُلَدَاء
সঙ্গী, সাথী, সহচর, অন্তরঙ্গ বন্ধু	جَلِيس ج جُلَسَاء
মহান, মহীয়ান, সম্মানিত, গৌরবময়, বিরাট	جَلِيل ج أَجِلَّاء ، أَجِلَّة
জনগোষ্ঠী, প্রচুর পানি	جَمّ
প্রচুর, পর্যাপ্ত, বিপুল, বহুবিধ	جَمّ ث جَمَّة
বিপুলসংখ্যক মানুষ	جَمّ غَفِير
পূর্ণ হওয়া, বৃদ্ধি পাওয়া, পর্যাপ্ত হওয়া, প্রচুর হওয়া, জমা	جَمَّ [ن][ض] (جُمُوم)
পূর্ণ করা, জমা করা, জমানো	جَمَّ [ن] (جَمّ ، جَمَام)
অবাধ্যতা, জেদ, একগুঁয়েমি, খামখেয়ালি	جِمَاح
কঠিন পদার্থ, জড়পদার্থ, নিষ্প্রাণ বস্তু	جَمَاد ج جَمَادَات
জুমাদাল উলাঃ আরবী পঞ্চম মাস	جُمَادَى الأُولَى
জুমাদাছ ছানিয়াঃ আরবী ষষ্ঠ মাস	جُمَادَى الثَّانِيَة
নারী-পুরুষের যৌন মিলন, সঙ্গম, সহবাস	جِمَاع
(মানুষের) দল, সঙ্ঘ, সম্প্রদায়, গোষ্ঠী, জামাত, (সেনা) স্কোয়াড	جَمَاعَة ج جَمَاعَات

جَمَاعِيٌّ مث جَمَاعِيَّة	যৌথ, সম্মিলিত, সমষ্টিগত, সামগ্রিক
جَمَال	সৌন্দর্য, রূপ, শোভা, সুন্দর আচরণ
جَمَّال ج جَمَّالُون	উটচালক, উটওয়ালা
جَمَالِيٌّ مث جَمَالِيَّة	সৌন্দর্যতাত্ত্বিক, নান্দনিক, কান্তিময়, কান্ত, কমনীয়
جَمَالِيَّة	সৌন্দর্যতত্ত্ব, নন্দনতত্ত্ব, কান্তিবিদ্যা, নান্দনিকতা, সৌন্দর্য, কমনীয়তা
جُمَان ، جُمَانَة	মুক্তা, মুক্তো, মোতি, মুক্তাদানা
جَمْبَرِي	চিংড়ি (মাছ)
جُمَّة ج جُمَّات	গুচ্ছ, পুঞ্জ, দল
جُمَّة ج جُمَم	মাথার সামনের কেশগুচ্ছ, অলক, চূর্ণকুন্তল, বর্ধনশীল চুল, পরচুলা
جَمْجَمَ (جَمْجَمَة)	অস্পষ্টভাবে কথা বলা, তোতলানো
جَمْجَمَة	অস্পষ্ট উচ্চারণ, তোতলামি
جُمْجُمَة ج جَمَاجِم	(মাথার) খুলি, করোটি
جَمَحَ [ف] (جُمُوح)	অবাধ্য হওয়া, একগুঁয়েমি করা, খামখেয়ালি করা, বেগে ছুটে যাওয়া
جَمَد	বরফ, তুষার, হিমানী, নীহার
جَمَدَ [ن]، جَمُدَ [ك] (جُمُود)	জমাট বাঁধা, জমে যাওয়া, ঘন হওয়া, শক্ত হওয়া
جَمَّدَ (تَجْمِيد)	জমাট বাঁধানো, ঘন করা, শক্ত করা, থামিয়ে রাখা
جَمْر	জ্বলন্ত অঙ্গার, পাথরকুচি, নুড়ি
جَمَّرَ (تَجْمِير)	অঙ্গারে পরিণত করা, রোস্ট করা, (সৈন্য) সমাবেশ করা
جَمْرَة ج جَمَرَات	জ্বলন্ত অঙ্গার, পাথরকুচি, নুড়ি, মীনায় শয়তানকে পাথর মারার স্থান
جُمْرُك ج جَمَارِك	শুল্ক, কাস্টম (customs)
جَمْع	জমা, সংগ্রহ, সঙ্কলন, যোগ
جَمْع ج جُمُوع	দল, সমষ্টি, (ব্যাকরণে) বহুবচন
جَمْعُ التَّكْسِير ، الجَمْع المُكَسَّر	ভগ্ন বহুবচনঃ যে বহুবচনে একবচনের রূপ ভেঙ্গে যায়
الجَمْع السَّالِم	অটুট বহুবচনঃ যে বহুবচনে একবচনের রূপ অটুট থাকে (ব্যা)
جَمَعَ [ف] (جَمْع)	জমা করা, একত্রিত করা, যোগ করা, সংগ্রহ করা, সঙ্কলন করা, (ব্যাকরণে) বহুবচন করা

جَمَّعَ (تَجْمِيع)	একত্রিত করা, সঞ্চয় করা, পুঞ্জিভূত করা, সম্মিলিত করা
الجُمْعَة	শুক্রবার, জুমআর নামায
الجُمُعَة	সূরা আল-জুমু'আহঃ পবিত্র কোরআনের ৬২তম সূরা
جَمْعِيّ ث جَمْعِيَّة	যৌথ, সম্মিলিত, সমষ্টিগত
جَمْعِيَّة ج جَمْعِيَّات	সমিতি, সঙ্ঘ, সংস্থা, সভা, পরিষদ
جَمْعِيَّة تَعَاوُنِيَّة	সমবায় সমিতি
الجَمْعِيَّة العَامَّة	(জাতিসঙ্ঘের) সাধারণ পরিষদ
جَمَل ج جِمَال ، أَجْمَال	উট, উষ্ট্র, ক্রমেল, ক্রমেলক
جَمُلَ [ـُ] (جَمَال)	সুন্দর হওয়া, সুদর্শন হওয়া, চমৎকার হওয়া
جَمَّلَ (تَجْمِيل)	সুন্দর করা, সুসজ্জিত করা, সাজানো
جُمْلَة ج جُمَل	বাক্য, সমষ্টি, মোট, গোটা, সমুদয়, সকল
جُمْلَة إِسْمِيَّة	বিশেষ্য বা সর্বনাম দ্বারা শুরু হওয়া বাক্য, উদ্দেশ্য ও বিধেয় দ্বারা গঠিত বাক্য (ব্যা)
جُمْلَة فِعْلِيَّة	ক্রিয়া দ্বারা শুরু হওয়া বাক্য, ক্রিয়া-সূচিত বাক্য (ব্যা)
جُمْلَة مُعْتَرِضَة	(ব্যাকরণগতভাবে পূর্বাপর সম্পর্কহীন) মধ্যবর্তী বাক্য, parenthesis
جُمْلَةً	সার্বিকভাবে, সম্পূর্ণরূপে, পুরাপুরিভাবে, একত্রে, সকল
بِالْجُمْلَة	সম্পূর্ণরূপে, পুরাপুরিভাবে, পাইকারী
جَمَّمَ (تَجْمِيم)	পূর্ণ করা, ভরা
جَمْهَرَة	জনসাধারণ, সাধারণ মানুষ
جُمْهُور ج جَمَاهِير	জনসাধারণ, সাধারণ মানুষ, বিরাটসংখ্যক লোক
جُمْهُورِيّ ث جُمْهُورِيَّة	প্রজাতান্ত্রিক, গণরাজ্য-সংক্রান্ত, সাধারণ
جُمْهُورِيَّة	প্রজাতন্ত্র, গণরাজ্য
جَمُوح	অবাধ্য, জেদী, একগুঁয়ে
جُمُوح	অবাধ্যতা, জেদ, একগুঁয়েমি, খামখেয়ালি
جُمُود	জমাট, কাঠিন্য, ঘনত্ব, জড়তা, অচলাবস্থা
جَمُوم	পূর্ণ, পরিপূর্ণ, ভরা

বাংলা	আরবী
চুলের বেণী, খোপা, কবরী	جَمِيرَة ج جَمَائِر
সকল, সব, সর্ব, সমুদয়	جَمِيع
সকলে, সবাই, সবকিছু, একত্রে	جَمِيعًا
সুন্দর, সুদর্শন, মনোরম, চমৎকার, অনুগ্রহ, ভাল কাজ	جَمِيل ـث جَمِيلَة
অন্ধকার হওয়া, ঢেকে রাখা, আচ্ছন্ন রাখা, অবতরণ করা	جَنَّ [ن] (جَنّ ، جُنُون)
জিন (জাতি)	جِنّ
সূরা আল-জিনঃ পবিত্র কোরআনের ৭২তম সূরা	الجِنّ
পাগল হওয়া, উন্মাদ হওয়া	جُنَّ (جُنُون)
(আহরিত) ফল, (সংগৃহীত) ফসল	جَنًا ج أَجْنَاء
অপরাধসম্বন্ধীয়, অপরাধমূলক, ফৌজদারি	جِنَائِيّ ـث جِنَائِيَّة
নৈকট্য, সান্নিধ্য, জনাবঃ সম্মানসূচক সম্বোধন	جَنَاب
অপবিত্রতা, অপবিত্র অবস্থা	جَنَابَة
ডানা, পাখা, বাহু, আশ্রয়, (সেনাবাহিনীর) উইং (wing)	جَنَاح ج أَجْنِحَة ، أَجْنُح
পাপ, অপরাধ, গুনাহ, দোষ, অন্যায়	جُنَاح
জানাযা, অন্ত্যেষ্টিক্রিয়া, (মানুষের) মৃতদেহ, কফিন	جَنَازَة ج جَنَائِز
(অলঙ্কারশাস্ত্রে) বাক্যের দুই অংশের মধ্যে মিল, শ্লেষ, শ্লেষালঙ্কার, শ্লেষবাক্য	جِنَاس
অন্তর, হৃদয়, চিত্ত, আত্মা, মন	جَنَان ج أَجْنَان
ঢাল, রক্ষাবর্ম	جُنَان ، جُنَانَة
অপরাধ, অন্যায়, পাপ	جِنَايَة ج جِنَايَات
পার্শ্ব, পাশ, পার্শ্বদেশ	جَنْب ج جُنُوب ، أَجْنَاب
পার্শ্বে, পাশে, নিকটে, কাছে	جَنْبَ
দূরে রাখা, সরিয়ে রাখা, রক্ষা করা	جَنَبَ [ن] (جَنْب)، جَنَّبَ (تَجْنِيب)
অপবিত্র, অশুচি, ভিন্ন গোত্রীয়, বিদেশী, ভিনদেশী, দূরবর্তী	جُنُب
বেহেশত, জান্নাত, বাগান, উদ্যান	جَنَّة ج جَنَّات ، جِنَان
জিন (জাতি), উন্মত্ততা, পাগলামি	جِنَّة

আরবী	বাংলা
جُنَّة ج جُنَن	ঢাল, রক্ষাবর্ম, আশ্রয়, রক্ষা
جَنَحَ (ف) (جُنُوح)	ঝুঁকে পড়া, আকৃষ্ট হওয়া, ডানা গুটানো
جُنْح	(রাতের) অংশ, অন্ধকার
جَنَّدَ (تَجْنِيد)	সৈন্য সংগ্রহ করা, যুদ্ধের জন্য প্রস্তুত করা
جُنْد ج جُنُود ، أَجْنَاد	সৈন্য, সেনা, সৈন্যবাহিনী, সেনাদল, সাহায্যকারী
جُنْدُب ج جَنَادِب	ফড়িং, পঙ্গপাল
جَنْدَل ج جَنَادِل	প্রস্তর, পাথর, শিলা, জলপ্রপাত
جُنْدِيّ ج جُنُود	সৈনিক, সৈন্য, সেনা
جِنْرَال	জেনারেল (general)
جَنَّسَ (تَجْنِيس)	শ্রেণীবিভাগ করা, বিভিন্ন শ্রেণীতে বিভক্ত করা, নাগরিকত্ব দেওয়া
جِنْس ج أَجْنَاس	শ্রেণী, প্রকার, জাতি, বংশ, (ব্যাকরণে) লিঙ্গ
جِنْسِيّ ـث جِنْسِيَّة	জাতীয়, জাতিগত, শ্রেণীগত, লিঙ্গাত্মক
جِنْسِيَّة	জাতীয়তা, নাগরিকত্ব
جَنَف	অন্যায়, অত্যাচার, বক্রতা, পক্ষপাত
جَنُوب	দক্ষিণ (দিক), দক্ষিণা বাতাস
جَنُوب أَفْرِيقِيَا	দক্ষিণ আফ্রিকা (দেশ)
جَنُوب شَرْق آسِيَا	দক্ষিণ-পূর্ব এশিয়া
جَنُوب شَرْقِيّ	দক্ষিণ-পূর্ব
جَنُوب غَرْبِيّ	দক্ষিণ-পশ্চিম
جَنُوبًا	দক্ষিণে, দক্ষিণ দিকে
جَنُوبِيّ ـث جَنُوبِيَّة	দক্ষিণা, দক্ষিণ দিকের
جَنُوح	ঝোঁকবিশিষ্ট, অবনত, নত, নমনীয়
جُنُوح	ঝোঁক, প্রবণতা, নমনীয়তা
جُنُون	পাগলামি, উন্মত্ততা, আচ্ছাদন, অন্ধকার
جَنَى ج أَجْنَاء	(আহরিত) ফল, (সংগৃহীত) ফসল

সংগ্রহ করা, আহরণ করা, লাভ করা, তুলে আনা, পাড়া	جَنَى [ض] (جَنْي ، جَنًى)
অপরাধ করা, অন্যায় করা, অনিষ্ট করা	جَنَى (جِنَايَة)
সদ্য আহরিত, টাটকা (ফল)	جَنِيّ مث جَنِيَّة
জিন (জাতি)	جِنِّيّ
অধীন, অনুগত, বশীভূত, বন্দী, প্লুরিসিগ্রস্ত (মানুষ)	جَنِيب مث جَنِيبَة
পরী	جِنِّيَّة ج جِنِّيَّات
জেনেভা (নগরী)	جِنِيف
গর্ভস্থ সন্তান, ভ্রূণ	جَنِين ج أَجِنَّة
ছোট বাগান, বাগিচা	جُنَيْنَة ج جُنَيْنَات ، جَنَائِن
পাউন্ড (মুদ্রা)	جُنَيْه ج جُنَيْهَات
জিহাদ, জেহাদ, ন্যায়ের জন্য সংগ্রাম, যুদ্ধ, প্রচেষ্টা, সাধনা	جِهَاد
আসবাবপত্র, সরঞ্জাম, যন্ত্রপাতি, ব্যবস্থাপনা, সেট (set)	جِهَاز ج أَجْهِزَة
অজ্ঞতা, মূর্খতা, নির্বুদ্ধিতা	جَهَالَة
দিক, পক্ষ, পার্শ্ব, সূত্র, কর্তৃপক্ষ, এজেন্সি	جِهَة ج جِهَات
চেষ্টা, প্রচেষ্টা, উদ্যোগ, পরিশ্রম, কষ্ট, ক্লান্তি	جَهْد ج جُهُود
চেষ্টা করা, পরিশ্রম করা, কষ্ট করা	جَهَدَ [ف] (جَهْد)
সাধ্য, সামর্থ্য, শক্তি, ক্ষমতা, কষ্ট, ক্লান্তি	جُهْد
প্রকাশ হওয়া, প্রকাশ করা, প্রকাশ্যে করা, প্রকাশ্যে বলা, উচ্চ স্বরে বলা	جَهَرَ [ف] (جَهْر ، جِهَار)
প্রকাশ্যে, খোলাখুলিভাবে, সাধারণের সামনে	جَهْرًا ، جَهْرَةً
প্রকাশ্য, খোলাখুলি, সাধারণের অধিগম্য	جَهْرِيّ مث جَهْرِيَّة
চূড়ান্ত আঘাত হানা, মেরে ফেলা	جَهَزَ [ف] (جَهْز)
প্রস্তুত করা, প্রয়োজনীয় আসবাবপত্রে সজ্জিত করা, ঠিকঠাক করা	جَهَّزَ (تَجْهِيز)
অজ্ঞতা, মূর্খতা, নির্বুদ্ধিতা	جَهْل
না জানা, অজ্ঞ হওয়া, মূর্খ হওয়া	جَهِلَ [س] (جَهْل ، جَهَالَة)
জাহান্নাম, দোযখ, নরক	جَهَنَّم (مث)

জাহান্নামী, দোযখবাসী, দোযখের, নরকের, নারকীয়	جَهَنَّمِيّ ث جَهَنَّمِيَّة
অধিক অজ্ঞ, গণ্ডমূর্খ, নাদান, নির্বোধ	جَهُول
আবহাওয়া, পরিবেশ, আকাশ, অন্তরীক্ষ, বায়ুমণ্ডল	جَوّ ج أَجْوَاء
জবাব, উত্তর, সাড়া, প্রত্যুত্তর	جَوَاب ج أَجْوِبَة ، جَوَابَات
উদার, দানশীল, দাতা, সম্ভ্রান্ত	جَوَاد ج جُود ، أَجْوَاد
ভাল জাতের ঘোড়া, দ্রুতগামী অশ্ব	جَوَاد ج جِيَاد ، أَجْيَاد
দানশীল, দাতা, বদান্য	جَوَّاد ج جَوَّادُون
প্রতিবেশিত্ব, সান্নিধ্য, নৈকট্য, আশ্রয়	جِوَار
নিকটে, কাছে, সান্নিধ্যে	بِجِوَارِ
বৈধতা, অনুমতি, অনুমোদন, অতিক্রমণ	جَوَاز
পাসপোর্ট, ট্রানজিট, লাইসেন্স	جَوَاز ج جَوَازَات
পাসপোর্ট (passport)	جَوَاز السَّفَر
পর্যটক, ভবঘুরে, ফেরিওয়ালা	جَوَّال ج جَوَّالُون ، جَوَّالَة
বস্তা, থলে	جُوَالِق ج جَوَالِيق
কঠিন পদার্থ, জড়পদার্থ	جَوَامِد
পাট, jute	جُوت ، جُوتَة
প্রবল বর্ষণ, অঝোর বৃষ্টি	جَوْد
ভাল করা, সুন্দর করা, বিশুদ্ধভাবে (কোরআন) পাঠ করা	جَوَّدَ (تَجْوِيد)
দান, দানশীলতা, বদান্যতা, উদারতা	جُود
উৎকৃষ্টতা, শ্রেষ্ঠত্ব, উত্তম মান	جَوْدَة
জূদীঃ একটি পাহাড়ের নাম	جُودِيّ
অন্যায়, অত্যাচার, জুলুম, বাড়াবাড়ি	جَوْر
(পায়ের) মোজা	جَوْرَب ج جَوَارِب
মোজা পরানো	جَوْرَبَ (جَوْرَبَة)
আখরোট (ফল), আখরোট-গাছ	جَوْز ، جَوْزَة

جَوَّزَ (تَجْوِيز)	বৈধ করা, বৈধ ঘোষণা করা, অনুমোদন করা
الجَوْزَاء	মিথুনরাশিঃ রাশিচক্রের তৃতীয় রাশি
جَوَّعَ (تَجْوِيع)	ক্ষুধার্ত করা, অনশনে রাখা, অনাহারে মারা
جُوع	ক্ষুধা, অনশন, অনাহার, উপবাস, দুর্ভিক্ষ
جَوْعَان ست جَوْعَى ج جِيَاع	ক্ষুধার্ত, অনাহারী, উপবাসী
جَوْعَة	ক্ষুধা, অনশন, অনাহার, উপবাস, দুর্ভিক্ষ
جَوْف ج أَجْوَاف	পেট, উদর, অভ্যন্তর, গর্ভ, গহ্বর
جَوْفَاء	অভ্যন্তরে ফাঁক আছে এমন, শূন্যগর্ভ, ফাঁকা (أَجْوَف-এর স্ত্রীলিঙ্গ)
جَوْق ج أَجْوَاق ؛ جَوْقَة ج جَوْقَات	(গান, থিয়েটার ইত্যাদির) দল, গ্রুপ
جَوْلَة ، جَوَلَان	চক্র, চক্কর, ঘূর্ণন, প্রদক্ষিণ, ভ্রমণ, সফর
جُون ج أَجْوَان	উপসাগর, খাড়ি
جَوْهَر ج جَوَاهِر	বস্তু, পদার্থ, মূল বস্তু, উপাদান, মণি, মাণিক্য, জহরত
جَوْهَرَة	মণি, মাণিক্য, জহরত
جَوْهَرِيّ ست جَوْهَرِيَّة	বস্তুগত, পদার্থগত, মৌল, মুখ্য, প্রধান
جَوْهَرِيّ ج جَوْهَرِيُّون	মণিকার, জহুরী
جُوهَنِسْبُورْغ	জোহান্সবার্গ (নগরী)
جَوًى	উত্তপ্ত প্রেম, উদ্দীপনাময় ভালবাসা, আবেগ
جَوِيَ (س) (جَوًى)	ভালবাসা কিংবা বেদনায় উত্তেজিত হওয়া
جَوِّيّ ست جَوِّيَّة	আবহাওয়া-বিষয়ক, পরিবেশগত, আকাশসম্বন্ধীয়, বায়ুমণ্ডলীয়
جَيَّارَة ج جَيَّارَات	চুনের ভাটি, চুন পোড়ানোর চুল্লি
جَيَّاش ست جَيَّاشَة	উত্তেজিত, উদ্বেলিত, উচ্ছ্বসিত, ফুটন্ত, টগবগে
جِيئَة ، جَيْئَة	আগমন, উপস্থিতি
جَيْب ج جُيُوب	পকেট, জেব, জিব, গলাবন্ধ, (দেশের) ছিটমহল
جِيبُوتِي	জিবুতি (দেশ)
جِيد ج أَجْيَاد ، جُيُود	গ্রীবা, ঘাড়, গলা

ভাল, উত্তম, সেরা, উৎকৃষ্ট	جَيِّد ج جِيَاد
ভালভাবে, উত্তমরূপে, সুন্দরভাবে, সুচারুরূপে	جَيِّدًا
হ্যাঁ, নিশ্চয়ই, অবশ্যই, সত্যই, ঠিকই	جَيْرِ
চুন, জিপসাম	جِير
সৈন্য, সেনা, সেনাবাহিনী, সেনাদল	جَيْش ج جُيُوش
সৈন্য সংগ্রহ করা, সৈন্য প্রস্তুত করা	جَيَّشَ (تَجْيِيش)
(মৃতদেহ) গলে যাওয়া, দুর্গন্ধ ছড়ানো	جَيَّفَ (تَجْيِيف)
মৃতদেহ, মরদেহ, লাশ, শব, মড়া	جِيفَة ج جِيَف ، أَجْيَاف
প্রজন্ম, পুরুষ, জাতি, গোত্র, যুগ	جِيل ج أَجْيَال
আইসক্রিম (icecream)	جِيلَاتِي
গিল্ডারঃ নেদারল্যান্ডের মুদ্রা	جِيلْدَار
জীমঃ ج বর্ণের নাম	جِيم
জর্জিয়া (দেশ)	جِيُورْجِيَا
ভূতত্ত্ব-বিষয়ক, ভূতাত্ত্বিক	جِيُولُوجِيّ ث جِيُولُوجِيَّة
ভূতত্ত্ববিদ, ভূতাত্ত্বিক	جِيُولُوجِيّ ج جِيُولُوجِيُّون
ভূতত্ত্ববিদ্যা, geology	جِيُولُوجِيَا

ح

ح	হাঃ আরবী বর্ণমালার ৬ষ্ঠ হরফ
حَاء	হা'ঃ ح বর্ণের নাম
حَائِد مث حَائِدَة	নিরপেক্ষ, পক্ষপাতমুক্ত
حَائِر مث حَائِرَة	হতবুদ্ধি, দিশেহারা, কিংকর্তব্যবিমূঢ়
حَائِز ج حَائِزُون	লাভকারী, অর্জনকারী, অধিকারী, মালিক, প্রাপ্ত
حَائِض ، حَائِضَة	ঋতুস্রাব হচ্ছে এমন স্ত্রীলোক, ঋতুবতী নারী
حَائِط ج حِيطَان ، حِيَاط	প্রাচীর, দেয়াল, বেড়া
حَائِك ج حَاكَة	বয়নকারী, রচনাকারী, তাঁতী
حَائِل مث حَائِلَة	বাধা, প্রতিবন্ধকতা, প্রতিবন্ধক, বেড়া
حَائِم ج حُوَّم	তৃষ্ণার্ত, পিপাসার্ত
حَابَى (مُحَابَاة)	পক্ষাবলম্বন করা, পক্ষপাতিত্ব করা, সুবিধা দেওয়া
حَاتِم ج حَاتِمُون	সিদ্ধান্তকারী, আরোপকারী, বিচারক
حَاتِم مث حَاتِمَة	কালো, কৃষ্ণ, অশুভ
حَاجّ ج حُجَّاج	হজ্জ পালনকারী, হজ্জ আদায়কারী, হাজী
حَاجَّ (مُحَاجَّة)	তর্ক করা, বাদানুবাদ করা, ঝগড়া করা, যুক্তি প্রদর্শন করা
حَاجِب ج حُجَّاب	দারোয়ান, গৃহরক্ষক, তত্ত্বাবধায়ক
حَاجِب ج حَوَاجِب	(চোখের) ভ্রূ, ভুরু
حَاجَة ج حَاجَات ، حَوَائِج	প্রয়োজন, অভাব, চাহিদা, দারিদ্র, উদ্দেশ্য
حَاجِز ، حَاجِزَة ج حَوَاجِز	বাধা, প্রতিবন্ধকতা, দেয়াল, প্রাচীর, বেড়া, পর্দা
حَاجِيَات	প্রয়োজনীয় জিনিসপত্র, প্রয়োজনসমূহ
حَادّ مث حَادَّة	ধারালো, তীক্ষ্ণ, তীব্র, তেজী, সূক্ষ্ম, সুনিপুণ
حَادَ [ض] (حَيْد ، حُيُود) عَنْ	বিপথে যাওয়া, বিচ্যুত হওয়া, পরিত্যাগ করা
حَادَّ (مُحَادَّة)	বিরোধিতা করা, বিরুদ্ধে যাওয়া, বিপক্ষে যাওয়া

Arabic	Bengali
حَادَثَ (مُحَادَثَة)	পরস্পর কথা বলা, আলাপ-আলোচনা করা
حَادِث ، حَادِثَة ج حَوَادِث	ঘটনা, কাহিনী, দুর্ঘটনা
حَادِث مث حَادِثَة	সঙ্ঘটিত, ঘটমান, নতুন
حَادِي ، حَادٍ ج حُدَاة	উটওয়ালা, উটচালক, কাফেলার নেতা
حَادِي عَشَرَ مث حَادِيَةَ عَشْرَةَ	এগারোতম, একাদশ
حَاذَرَ (مُحَاذَرَة ؛ حِذَار)	সতর্ক থাকা, সাবধান থাকা
حَاذِق ج حُذَّاق	দক্ষ, নিপুণ, বিচক্ষণ, বুদ্ধিমান
حَاذَى (مُحَاذَاة)	সমান্তরাল হওয়া, সমকক্ষ হওয়া, সম্মুখীন হওয়া, সামনা-সামনি হওয়া, পার্শবর্তী হওয়া
حَارّ مث حَارَّة	গরম, উষ্ণ, তপ্ত, উত্তপ্ত, প্রচণ্ড
حَارَ [ن] (حَوْر)	হতবুদ্ধি হওয়া, কমে যাওয়া, হ্রাসপ্রাপ্ত হওয়া, প্রত্যাবর্তন করা
حَارَ [س] (حَيْر ، حَيْرَة)	হতবুদ্ধি হওয়া, দিশেহারা হওয়া
حَارَبَ (مُحَارَبَة)	যুদ্ধ করা, লড়াই করা, প্রতিদ্বন্দ্বিতা করা
حَارِث ج حُرَّاث	চাষী, কৃষক, কৃষিকর্মী
حَارِزَة	(বৈদ্যুতিক) ফিউজ (fuse)
حَارِس ج حُرَّاس ، حَرَسَة	প্রহরী, রক্ষী, পাহারাদার, রক্ষক, তত্ত্বাবধায়ক
حَارِس المَرْمَى	গোলরক্ষক, গোলকিপার (goalkeeper)
حَازَ [ن] (حَوْز)	লাভ করা, অর্জন করা, সংগ্রহ করা, একত্রিত করা
حَازَبَ (مُحَازَبَة)	সপক্ষীয় হওয়া, দলভুক্ত হওয়া
حَازِب ج حَوَازِب	বিপদ, কষ্ট, দুর্যোগ, দুর্বিপাক
حَازِم ج حَزَمَة	দৃঢ়সঙ্কল্প, প্রত্যয়ী, বিচক্ষণ
حَاسَبَ (مُحَاسَبَة)	হিসাব করা, হিসাবনিকাশ করা, ভেবে দেখা
حَاسِب ج حَاسِبُون	হিসাবকারী, গণনাকারী, হিসাব গ্রহণকারী
حَاسِب، حَاسِبَة ج حَاسِبَات	হিসাব করার যন্ত্র, গণনা-যন্ত্র, কালকুলেটর, কম্পিউটার
حَاسَّة ج حَوَاسّ	অনুভূতি, অনুভব, অনুভব-শক্তি, ইন্দ্রিয়, জ্ঞানেন্দ্রিয়
حَاسِد ج حُسَّاد	হিংসাকারী, ঈর্ষাকারী, হিংসুক, পরশ্রীকাতর

حَاسِر ث حَاسِرَة	শূন্য, খালি, অনাবৃত, নগ্ন
حَاسِرُ الرَّأْس	খালিমাথা, অনাবৃতমস্তক
حَاسِم ث حَاسِمَة	চূড়ান্ত, নিশ্চিত
حَاشَ ، حَاشَا ، حَاشَى	ব্যতীত, ছাড়া, বাদে, বিনা
حَاشَ لِلّٰه ، حَاشَا لِلّٰه ، حَاشَى لِلّٰه	আল্লাহ্ না করুন! মহিমা আল্লাহর!
